আন্তর্জাতিক কাস্টমস দিবস
২০২২
Scaling up Customs Digital Transformation
by Embracing a Data Culture and
Building a Data Ecosystem
বাংলাদেশ কাস্টমস ও ভ্যাট
জাতীয় রাজস্ব বোর্ড
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

আন্তর্জাতিক কাস্টমস দিবস ২০২২

স্মরণিকা

প্রকাশক

বাংলাদেশ কাস্টমস ও ভ্যাট
জাতীয় রাজস্ব বোর্ড

◆

সম্পাদনা পরিষদ

আহ্বায়ক

তাসমিনা হোসেন
কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা

সদস্য

ড. নাহিদা ফরিদী
অতিরিক্ত কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা

মির্জা সহিদুজ্জামান
অতিরিক্ত কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা

সৈয়দ এ, মু'মেন
জনসংযোগ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড

রাকিবুল হাসান
দ্বিতীয় সচিব (কাস্টমস মূল্যায়ন), জাতীয় রাজস্ব বোর্ড

রাফিয়া সুলতানা
উপ কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা

নাজমুন নাহার কায়সার
উপ কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা

মোঃ ইফতেখার আলম ভূঁইয়া
উপ কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা

দ্বৈপায়ন চাক্‌মা
উপ কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা

জেবুন্নেছা
উপ কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা

সদস্য সচিব

সুমন দাশ
উপ কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা

◆

ডিজাইন ও মুদ্রণ

ক্রিয়েটিভ ভিশন | ০১৯২৯ ২৯৩৩০৭

◆

প্রকাশকাল

জানুয়ারি ২০২২

بسم الله الرحمن الرحيم

রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
বঙ্গভবন, ঢাকা।

১২ মাঘ ১৪২৮
২৬ জানুয়ারি ২০২২

বাণী

'আন্তর্জাতিক কাস্টমস দিবস ২০২২' উপলক্ষ্যে আমি বাংলাদেশ কাস্টমস এর সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারী, সেবাগ্রহীতা এবং শুল্ক-কর প্রদানকারী সকল অংশীজনদের আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছি।

আন্তর্জাতিক বাণিজ্য তথা আমদানি-রপ্তানির ক্ষেত্রে কাস্টমস অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। বাংলাদেশ কাস্টমস অত্যন্ত দৃঢ়তার সাথে এ সকল কার্যক্রম পরিচালনা করে আসছে। আমদানি রপ্তানি কার্যক্রমকে সহজ, স্বচ্ছ ও গতিশীল করার জন্য বাংলাদেশ কাস্টমস এর কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সকল সরকারি বেসরকারি সংস্থা এবং ব্যবসায়ী সম্প্রদায়ের নিবিড় যোগাযোগ স্থাপন খুবই জরুরি। এক্ষেত্রে প্রযুক্তির যথাযথ ব্যবহারের কোনো বিকল্প নেই। এ প্রেক্ষাপটে আন্তর্জাতিক কাস্টমস দিবসের এবারের প্রতিপাদ্য "Scaling up Customs Digital Transformation by Embracing a Data Culture and Building a Data Ecosystem" সময়োপযোগী হয়েছে বলে আমি মনে করি।

নিরাপদ আন্তর্জাতিক বাণিজ্য নিশ্চিত এবং বাণিজ্যবান্ধব পরিবেশ তৈরি করা শুল্ক বিভাগের অন্যতম দায়িত্ব। এজন্য কাস্টমস প্রশাসনের অবকাঠামোসহ সার্বিক প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি ও উন্নয়নের বিকল্প নেই। এ বিবেচনায় বর্তমান সরকার কাস্টমস বিভাগের আধুনিকায়নের ওপর গুরুত্বারোপ করেছে। কাস্টমস ব্যবস্থাপনার অটোমেশন, করদাতাদের দ্রুত সেবা প্রদান, আমদানি-রপ্তানি সরলীকরণ, কন্টেইনার/কার্গো স্ক্যানিং, বাণিজ্য ও ট্যারিফ উদারীকরণসহ ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো (এনএসডব্লিউ), ডাটা এনালাইসিস এবং আধুনিক ঝুঁকি ব্যবস্থাপনার মাধ্যমে চোরাচালান এবং জাল জালিয়াতি প্রতিরোধে বাংলাদেশ কাস্টমস বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করছে। তথ্যপ্রযুক্তিভিত্তিক আধুনিক কাস্টমস ব্যবস্থাপনা পদ্ধতি পুরোপুরি বাস্তবায়িত হলে একদিকে যেমন রাজস্ব আদায় বৃদ্ধি পাবে এবং তেমনি আমদানি-রপ্তানি বাণিজ্যে অসাধু তৎপরতাও হ্রাস পাবে বলে আমি মনে করি। আমি আশা করি, বাংলাদেশ কাস্টমস দেশের আমদানি-রপ্তানি বাণিজ্যের প্রসারকল্পে ডিজিটাল পদ্ধতিসহ আন্তর্জাতিক রীতিনীতি দ্রুত বাস্তবায়নপূর্বক স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করতে আরও তৎপর হবে এবং আন্তর্জাতিক বাণিজ্যের দ্বাররক্ষী হিসাবে নিরাপদ বাণিজ্য পরিবেশ নিশ্চিতকরণের মাধ্যমে দেশের অর্থনীতিতে গতিসঞ্চার করতে সক্ষম হবে।

আমি 'আন্তর্জাতিক কাস্টমস দিবস ২০২২' উপলক্ষ্যে গৃহীত কর্মসূচির সার্বিক সাফল্য কামনা করি।

জয় বাংলা।

খোদা হাফেজ, বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ আবদুল হামিদ

بسم الله الرحمن الرحيم

প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১২ মাঘ ১৪২৮
২৬ জানুয়ারি ২০২২

বাণী

বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও জাতীয় রাজস্ব বোর্ডের উদ্যোগে 'আন্তর্জাতিক কাস্টমস দিবস ২০২২' পালন করা হচ্ছে জেনে আমি আনন্দিত। এ উপলক্ষ্যে আমি বাংলাদেশ কাস্টমসের কর্মকর্তা-কর্মচারি, সেবাগ্রহীতা ও অংশীজনসহ সংশ্লিষ্ট সকলকে শুভেচ্ছা জানাচ্ছি।

এ বছরের মূল প্রতিপাদ্য 'Scaling up Customs Digital Transformation by Embracing a Data Culture and Building a Data Ecosystem' অত্যন্ত সময়োপযোগী হয়েছে বলে আমি মনে করি।

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীনতার পর পরই জাতীয় রাজস্ব বোর্ড গঠন করে ব্যবসা-বাণিজ্যের প্রসার ও শিল্পায়নের উপর ব্যাপক গুরুত্ব দিয়েছিলেন। এর ফলেই দেশে রাজস্ব আদায়ের বহুমুখী খাত সৃষ্টি হয়েছিলো। জাতির পিতার সুযোগ্য নেতৃত্ব ও সুদূরপ্রসারী কর্মপরিকল্পনার মাধ্যমে মাত্র সাড়ে তিন বছরেই যুদ্ধবিধ্বস্ত বাংলাদেশ স্বল্পোন্নত দেশে রূপান্তরিত হয়েছিল। বাংলাদেশ আওয়ামী লীগ ২০০৯ সাল থেকে পরপর তিন দফা সরকার গঠন করে সমগ্র দেশে অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে দেশি-বিদেশি বিনিয়োগ আকর্ষণে বিভিন্নমুখী পদক্ষেপ গ্রহণ করেছে। WCO Data Model ও Data Standard-কে ভিত্তি ধরে রাজস্ব নীতি প্রণয়ণ করছে। ডিজিটাল কাস্টমস সেবা ও উন্নত তথ্য ভান্ডার নির্মাণের লক্ষ্যে বাংলাদেশ কাস্টমস এর অত্যাধুনিক ডিজিটাল প্লাটফর্ম Asycuda World এর নিরাপত্তা নিশ্চিত করার পাশাপাশি বিভিন্ন দেশের সাথে MoU স্বাক্ষর করছে। আমাদের সরকার ব্যবসায়ীদের উন্নত ডিজিটাল সেবা ও ওয়ানস্টপ সার্ভিস প্রদানের লক্ষ্যে নানা ধরণের উদ্যোগ নিয়েছে।

আমি আশা করি, বাংলাদেশ কাস্টমস তাদের পেশাগত দক্ষতা, ডিজিটাল ব্যবস্থাপনা ও প্রয়োজনীয় সংস্কার বাস্তবায়নের মাধ্যমে রাজস্ব আদায়ে গতিশীলতা বৃদ্ধি, অপবাণিজ্য রোধ, জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদে অর্থায়ন প্রতিরোধ এবং সর্বোপরি স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে আরও সফল হবে। সবার সম্মিলিত প্রচেষ্টায় আমরা জাতির পিতার স্বপ্নের 'সোনার বাংলাদেশ' গড়ে তুলবো, ইনশাআল্লাহ।

আমি 'আন্তর্জাতিক কাস্টমস দিবস ২০২২' এর সার্বিক সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

শেখ হাসিনা

মন্ত্রী
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১২ মাঘ ১৪২৮
২৬ জানুয়ারি ২০২২

বাণী

২৬ জানুয়ারি আন্তর্জাতিক কাস্টমস দিবস। প্রতিবছরের ন্যায় এ বছরও World Customs Organization (WCO) এর সদস্য রাষ্ট্র হিসেবে বিশ্বের অন্যান্য দেশের সাথে বাংলাদেশও 'আন্তর্জাতিক কাস্টমস দিবস ২০২২' পালন করছে।

বিনিয়োগ ও বাণিজ্য গতি সঞ্চারের জন্য নিরাপদ, তথ্য প্রযুক্তি নির্ভর, ডিজিটাল কাস্টমস পদ্ধতি প্রবর্তন এখন সময়ের দাবী এবং বাংলাদেশ কাস্টমসও সকল প্রকার আধুনিক তথ্য প্রযুক্তি ব্যবহার করে আসছে। WCO এবারের কাস্টমস দিবসের মূল প্রতিপাদ্য নির্ধারণ করেছে 'Scaling up Customs Digital Transformation by Embracing a Data Culture and Building a Data Ecosystem', যা অত্যন্ত সময়োপযোগী বলে আমি মনে করি।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আজীবনের স্বপ্ন ছিল একটি দারিদ্র্যমুক্ত ও শোষণমুক্ত সমৃদ্ধ সোনার বাংলাদেশ গড়ে তোলা। জাতির পিতার সেই অর্থনৈতিক দর্শন অনুসরণ করে তারই রক্তের উত্তরাধিকার বর্তমান প্রজন্মের কিংবদন্তি ও আধুনিক বাংলাদেশের রূপকার মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী ও হিরন্ময়ী নেতৃত্বে কোভিড পূর্ব গত এক দশক গড়ে ৭.৪% অভূতপূর্ব অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জিত হয়েছে। এমনকি অপ্রত্যাশিত অভিঘাত কোভিড-১৯ মহামারী কালে গত বছর যেখানে বৈশ্বিক অর্থনীতি ৩% সংকুচিত হয়েছে, এমন ক্রান্তিকালেও বেশ কয়েকটি আন্তর্জাতিক প্রতিষ্ঠানের জরিপ অনুযায়ী বাংলাদেশ শীর্ষ পাঁচটি সহনশীল অর্থনীতির মধ্যে রয়েছে। বাংলাদেশ ২০৩০ সালের মধ্যে SDG অর্জনের মাধ্যমে ক্ষুধা ও দারিদ্রমুক্ত দেশ এবং ২০৩১ সালের মধ্যে উচ্চ মধ্যম আয়ের দেশে উন্নীত হবে। যুক্তরাজ্যের Center for Economics and Business Research-এর অতি সাম্প্রতিক এক গবেষণায় দেখানো হয়েছে, ২০৩৬ সালেই আমরা বিশ্বের ২৪তম বৃহৎ অর্থনীতির দেশে পরিণত হবো।

দেশের অর্থনীতিতে উন্নয়নের ধারা অব্যাহত রেখে সরকারের রূপকল্প ২০৪১ বাস্তবায়ন করে বাংলাদেশকে সম্পূর্ণ আত্মনির্ভরশীল উন্নত রাষ্ট্র হিসেবে বিশ্ব দরবারে প্রতিষ্ঠিত করার লক্ষ্যে বাংলাদেশ কাস্টমস তাদের কার্যক্রম অব্যাহত রাখবে বলে মনে করি। একইসাথে কাস্টমস দেশের অর্থনীতির ভিত সুদৃঢ় ও শক্তিশালী করে সমৃদ্ধ রাজস্ব ভান্ডার গঠনে অগ্রণী ভূমিকা পালন করবে বলে প্রত্যাশা ব্যক্ত করছি।

আমি 'আন্তর্জাতিক কাস্টমস দিবস ২০২২' এর সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

(আ হ ম মুস্তফা কামাল, এফসিএ, এমপি)

প্রধানমন্ত্রীর অর্থনৈতিক উপদেষ্টা
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১২ মাঘ, ১৪২৮
২৬ জানুয়ারি, ২০২২

বাণী

বাংলাদেশ জাতীয় রাজস্ব বোর্ড ২৬ জানুয়ারি, ২০২২ তারিখে আন্তর্জাতিক শুল্ক দিবস পালন করছে। ওয়ার্ল্ড কাস্টমস অর্গানাইজেশন (WCO)-এর উদ্যোগে প্রতিষ্ঠানের সদস্য দেশসমূহে দিবসটি পালিত হচ্ছে। আন্তঃদেশীয় বাণিজ্য প্রসারের লক্ষ্যে বিশ্ব শুল্ক সংস্থা শুল্ক ব্যবস্থাপনায় সামঞ্জস্য প্রতিষ্ঠায় সচেষ্ট।

২. "Scaling up Customs Digital Transformation by Embracing a Data Culture and Building a Data Ecosystem" - এ বছর আন্তর্জাতিক শুল্ক দিবসের প্রতিপাদ্য। "সীমান্ত বিচ্ছিন্ন করে, শুল্ক ব্যবস্থা সংযুক্ত করে" - এই উদ্দেশ্য পূরণের জন্য সদস্য দেশসমূহে অধিকতর কার্যকর ডিজিটাল সিস্টেম এবং তথ্যভাণ্ডার গড়ে তোলা আবশ্যিক। শুল্ক ব্যবস্থাপনার উন্নতি এবং বিশ্ব বাণিজ্য উদার ও প্রসার কার্যক্রমে তথ্য-উপাত্তের ভূমিকা গুরুত্বপূর্ণ।

৩. বর্তমান সরকার ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করেছে। সরকারের নীতি অনুসরণ করে বাংলাদেশ শুল্ক প্রশাসন বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার সাথে সমন্বিত কার্যক্রম অব্যাহত রাখতে সচেষ্ট থাকবে।

৪. "আন্তর্জাতিক শুল্ক দিবস ২০২২" উদ্‌যাপনের সাফল্য কামনা করি।

জয় বাংলা,
জয় বঙ্গবন্ধু,
বাংলাদেশ চিরজীবী হোক।

(ড. মসিউর রহমান)

সভাপতি
অর্থ মন্ত্রণালয় সম্পর্কিত
সংসদীয় স্থায়ী কমিটি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১২ মাঘ ১৪২৮
২৬ জানুয়ারি ২০২২

বাণী

প্রতিবছরের ন্যায় এ বছরও WCO এর সদস্য রাষ্ট্র হিসেবে বিশ্বের অন্যান্য দেশের সাথে বাংলাদেশও 'আন্তর্জাতিক কাস্টমস দিবস ২০২২' পালন করছে জেনে আমি আনন্দিত।

বর্তমান বৈশ্বিক মুক্তবাজার অর্থনীতিতে বাণিজ্যিক উদারীকরণের ফলে কাস্টমস হতে আহরিত রাজস্বের পরিমাণ ক্রমান্বয়ে হ্রাস পেলেও আমদানি-রপ্তানি বাণিজ্য সহজীকরণ এবং ব্যবসাবান্ধব পরিবেশ সৃষ্টির পাশাপাশি সামাজিক ও প্রাকৃতিক পরিবেশ সুরক্ষা, জাতীয় নিরাপত্তা, সীমান্তে চোরাচালান/অপবাণিজ্য রোধ, দেশীয় ঐতিহ্য সংরক্ষণ ও মানি লন্ডারিং প্রতিরোধসহ বাংলাদেশ কাস্টমস রাষ্ট্রীয় অনেক গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করে আসছে। কোভিড-১৯ এর বৈশ্বিক মহামারীর প্রাক্কালে বিশ্ব অর্থনীতি যেখানে নিম্নমুখী সেখানে গ্লোবাল সাপ্লাই চেইন সুসংহতকরণ, স্টেকহোল্ডারগণের মধ্যে কার্যকর সমঝোতা বৃদ্ধি, সময়োপযোগী প্রযুক্তি নির্ভর ব্যবস্থাপনার মাধ্যমে বাংলাদেশ কাস্টমস দ্রুত পরিবর্তনশীল এই বাণিজ্যিক পরিবেশে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এ প্রেক্ষাপটে এ বছরের আন্তর্জাতিক কাস্টমস দিবসের মূল প্রতিপাদ্য 'Scaling up Customs Digital Transformation by Embracing a Data Culture and Building a Data Ecosystem', যা সময়োপযোগী বলে আমি মনে করি।

বাংলাদেশ উন্নয়নের মহাযাত্রায় ধাবমান। অর্থনৈতিক, সামাজিক, আন্তর্জাতিক প্রতিটি ক্ষেত্রে বাংলাদেশ অভূতপূর্ব উন্নতি সাধন করছে এবং বিশ্ব অর্থনীতিতে 'এমার্জিং টাইগার' হিসেবে আবির্ভূত হয়েছে। তবে করোনা ভাইরাসের করাল গ্রাসে সারা বিশ্বের অর্থনীতি ব্যাপকভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে, যার প্রভাব বাংলাদেশেও স্পষ্ট। তারপরেও জিডিপি প্রবৃদ্ধি, প্রাপ্ত রেমিটেন্স, রপ্তানির পরিমাণ, বৈদেশিক মুদ্রার রিজার্ভ ইত্যাদি সূচকে আমাদের অর্থনীতি করোনা মহামারীতেও যথেষ্ট সুসংহত রয়েছে। সরকারের সঠিক সিদ্ধান্ত, বিভিন্ন অর্থনৈতিক প্রণোদনা এবং এর যথাযথ বাস্তবায়ন প্রক্রিয়া করোনাকালীন বাংলাদেশের অর্থনীতিকে যথেষ্ট স্থিতিশীলতা এনে দিয়েছে। এক্ষেত্রে আমদানি-রপ্তানি-বাণিজ্য নির্বিঘ্ন এবং পণ্যের সরবরাহ চেইন স্বাভাবিক রাখতে এবং বাংলাদেশ কাস্টমস অগ্রণী ভূমিকা পালন করছে। করোনার এই ক্রান্তিলগ্নে সকল প্রতিবন্ধকতা মোকাবেলা করে ফ্রন্টলাইনে দাঁড়িয়ে দেশের অর্থনীতিকে সুরক্ষিত রাখতে অগ্রণী ভূমিকা রাখায় বাংলাদেশ কাস্টমসকে আমি ধন্যবাদ জানাচ্ছি।

'আন্তর্জাতিক কাস্টমস দিবস ২০২২' উদযাপনের সাথে সংশ্লিষ্ট সবাইকে আমি ধন্যবাদ জানাই এবং বাংলাদেশ কাস্টমসের সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি।

আবুল হাসান মাহমুদ আলী
এমপি, দিনাজপুর-৪

সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

বাণী

১২ মাঘ ১৪২৮
২৬ জানুয়ারি ২০২২

প্রতি বছরের ন্যায় বিশ্বের ১৮৩টি দেশের কাস্টমস পরিবারের সাথে একাত্মতা ঘোষণা করে বাংলাদেশ কাস্টমস ২৬ জানুয়ারি ২০২২ তারিখে 'আন্তর্জাতিক কাস্টমস দিবস ২০২২' পালন করছে জেনে আমি আনন্দিত। এ উপলক্ষ্যে বাংলাদেশ কাস্টমস এর কর্মকর্তা-কর্মচারী, সেবাগ্রহীতা ও অংশীজনসহ সংশ্লিষ্ট সকলকে শুভেচ্ছা জানাচ্ছি।

আন্তর্জাতিক বাণিজ্য তথা আমদানি-রপ্তানির ক্ষেত্রে বাংলাদেশ কাস্টমস ফ্রন্টলাইনার হিসাবে তাদের দায়িত্ব পালন করে যাচ্ছে। রাজস্ব আহরণের পাশাপাশি বৈদেশিক বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণ, দেশীয় শিল্প সুরক্ষা, পরিবেশ ও জনস্বাস্থ্য সংরক্ষণের মাধ্যমে জনগণের জীবনমান উন্নয়নে বাংলাদেশ কাস্টমসের অবদান অপরিসীম। করোনা বিপর্যয় পরবর্তী বিশ্ব বাণিজ্যকে অধিকতর গতিশীল করতে কাস্টমসের সুবিশাল Data Ecosystems কাজে লাগিয়ে ঝুঁকি ব্যবস্থাপনার আওতায় দ্রুত পণ্য খালাস, Global Supply Chain সুসংহতকরণ, স্টেকহোল্ডারগণের মধ্যে কার্যকর সমঝোতা বৃদ্ধি, সময়োপযোগী প্রযুক্তি নির্ভর ব্যবস্থাপনার মাধ্যমে বাংলাদেশ কাস্টমস দ্রুত পরিবর্তনশীল এই বাণিজ্যিক পরিবেশে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এ প্রেক্ষাপটে এ বছরের আন্তর্জাতিক কাস্টমস দিবসের মূল প্রতিপাদ্য 'Scaling up Customs Digital Transformation by Embracing a Data Culture and Building a Data Ecosystem' অত্যন্ত প্রাসঙ্গিক বলে আমি মনে করি।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী কর্মপরিকল্পনা ও গতিশীল নেতৃত্বে বাংলাদেশ অর্থনৈতিক ও সামাজিক ক্ষেত্রে ঈর্ষণীয় সাফল্য অর্জন করে চলেছে। বাণিজ্য সহজীকরণ এবং নিরাপদ সরবরাহ নিশ্চিতকরণের লক্ষ্যে বাংলাদেশ কাস্টমস আমদানি-রপ্তানি পণ্যের দ্রুত শুল্কায়ন ও খালাসের জন্য আধুনিক প্রযুক্তিনির্ভর ডিজিটালাইজেশনের নানা উদ্যোগ হাতে নিয়েছে এবং এগুলোর বেশ কয়েকটি বাস্তবায়নও হয়েছে। এসব উদ্যোগের মধ্যে রয়েছে Asycuda World System, Non-Intrusive Inspection (NII), Radioactivity Detection, বিশ্বস্ত করদাতাদের দ্রুত সেবা প্রদান, বৈদেশিক বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণের লক্ষ্যে বাণিজ্য ও ট্যারিফ উদারীকরণ, Post Clearance Audit, Advance Ruling এবং Advanced Passenger Information (API)। এই সব ডিজিটাল উৎস হতে প্রাপ্ত ডাটা বিশ্লেষণ এবং ঝুঁকি ব্যবস্থাপনার মাধ্যমে চোরাচালান এবং জাল জালিয়াতি প্রতিরোধসহ একটি টেকসই অর্থনীতি বিনির্মাণে কাস্টমস একটি অগ্রণী ভূমিকা পালন করে যাচ্ছে। আমি আশা করি নিরাপদ বাণিজ্য পরিবেশ নিশ্চিতকরণসহ বৈদেশিক বাণিজ্য বৃদ্ধির মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়ন আরো ত্বরান্বিত হবে।

আমি 'আন্তর্জাতিক কাস্টমস দিবস ২০২২' এর সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি।

(আবু হেনা মোঃ রহমাতুল মুনিম)

সদস্য
(কাস্টমস: নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

১২ মাঘ ১৪২৮
২৬ জানুয়ারি ২০২২

বাণী

প্রতি বছরের ন্যায় এবারও World Customs Organization (WCO) এর সদস্য হিসেবে বাংলাদেশ কাস্টমস ২৬ জানুয়ারি আন্তর্জাতিক কাস্টমস দিবস পালন করছে। এ উপলক্ষ্যে কাস্টমস পরিবারের সদস্য হিসেবে আমি বাংলাদেশ কাস্টমসের সকল কর্মকর্তা-কর্মচারীকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছি ।

বিশ্ব অর্থনীতি কোভিড-১৯ এর মত এক মহাসংকটকালকে অতিক্রম করে এগিয়ে চলছে। বিশ্ব বাণিজ্যের চাকাকে সচল রাখতে সদা তৎপর রয়েছে WCO। বাণিজ্য ব্যবস্থাকে আরও গতিশীল এবং কার্যকর করার লক্ষ্যে WCO এবারের কাস্টমস দিবসের প্রতিপাদ্য নির্ধারণ করেছে, 'Scaling up Customs Digital Transformation by Embracing a Data Culture and Building a Data Ecosystem'। বৈশ্বিক ও জাতীয় প্রেক্ষিতে অর্থনৈতিক/বাণিজ্যিক কার্যক্রমকে আরও বেগবান ও সহজতর করার নিমিত্ত WCO ঘোষিত প্রতিপাদ্য এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের উন্নয়ন পরিকল্পনার সঙ্গে সামঞ্জস্য রেখে বাংলাদেশ কাস্টমস নীতিগত ও পদ্ধতিগতভাবে সর্বক্ষেত্রে আধুনিক প্রযুক্তির আত্মীকরণের মাধ্যমে ব্যবসা সহায়ক ও বিনিয়োগবান্ধব পরিবেশ বজায় রাখতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বিভিন্ন অর্থনৈতিক অপরাধ প্রতিহত করার ক্ষেত্রে যেমন বাংলাদেশ কাস্টমস গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে, পাশাপাশি উন্নত বিশ্বের সাথে তাল মিলিয়ে সর্বক্ষেত্রে Digitalization ও Automation এর সর্বোচ্চ প্রয়োগ, Authorized Economic Operator (AEO), National Single Window (NSW) সহ বিভিন্ন প্রকল্প ও ধারণা বাস্তবায়নে কাজ করছে। ইতোমধ্যে রপ্তানিমুখী ওষুধশিল্প সংশ্লিষ্ট কয়েকটি প্রতিষ্ঠানকে AEO প্রোগ্রামের আওতায় আনা হয়েছে এবং অন্যান্য গুরুত্বপূর্ণ আমদানি ও রপ্তানিমুখী শিল্পগুলোতেও এই সুবিধা বিস্তৃতকরণের লক্ষ্যে কাজ চলমান রয়েছে।

পরিবর্তিত বিশ্ব ব্যবস্থার সাথে সকলকে মানিয়ে নেয়ার জন্য ডিজিটাল কাস্টমস পদ্ধতি গড়ে তুলতে বাংলাদেশ কাস্টমস সদা সচেষ্ট। রাজস্ব আহরণের পাশাপাশি নাগরিকদের নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিতকরণ ও ন্যায়সঙ্গত বাণিজ্য সহায়ক ভূমিকা পালন করে মধ্যম আয়ের দেশ এবং উন্নত দেশে রূপান্তরের অগ্রযাত্রায় একটি সুখী-সমৃদ্ধ দেশ গড়তে বাংলাদেশ কাস্টমসের প্রচেষ্টা সর্বদা অব্যাহত থাকবে।

আমি 'আন্তর্জাতিক কাস্টমস দিবস ২০২২' এর সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি।

(ড. মোঃ সহিদুল ইসলাম)

Message from the World Customs Organization

International Customs Day 2022

Embargo date:
26 January 2022, UTC 09:00

Traditionally, every year, the Customs community comes together on 26 January to mark International Customs Day. This day of celebration is a unique opportunity for WCO Members, the WCO Secretariat and global Customs' partners to reflect on a particular theme and to act upon it.

Thus, throughout 2022, under the slogan "Scaling up Customs Digital Transformation by Embracing a Data Culture and Building a Data Ecosystem", the Customs community will be focusing on how to operate in a fully digital environment and create an operating model that captures and exploits data from across the trade ecosystem.

Over the years, digital technology has evolved rapidly and Customs can now tap into data from other government agencies, commercially available databases, and open-source information platforms such as digitized global public records and multilingual news sources.

The extent to which data can be used effectively depends on various factors surrounding data ethics, including privacy, commercial secrecy and legal issues regarding the use of data by Customs and Tax administrations, and the importance assigned to innovation in public administrations.

To build data ecosystems, or consolidate existing ones, the following enabling actions may be considered:

- establishing formal data governance to ensure the relevance, accuracy and timeliness of data;
- making use of the standards developed by the WCO and other institutions regarding data format and data exchange;
- providing appropriate management of data to ensure that the right people have access to the right data, and that data protection regulations are respected; and,
- adopting progressive approaches, such as data analytics, to collect and successfully exploit data to drive decision-making.

A robust data culture empowers people to ask questions, challenge ideas and rely on detailed insights, not just intuition or instinct, to make decisions.

In order to nurture a data-driven culture, administrations need to enhance the data-literacy of their staff - in other words, their ability to interpret and analyze data accurately.

WCO I OMD

Customs administrations should integrate data science into their curriculums for newly recruited officers and participate in the development of distance learning courses to familiarize Customs officers with the collection and analysis of data in order to forge a data-driven culture. Staff also need to understand the bigger picture, namely the impact of Customs on the effective protection of society, trade facilitation and fair revenue collection.

On the other hand, Customs administrations are invited to consider leveraging data in their relationships with other actors along the supply chain, as well as making data available to the public and academia as a means of enhancing transparency, stimulating the production of knowledge and enabling dialogue with civil society.

Sharing data analysis with other government agencies increases the role and visibility of Customs in policy-making and in obtaining necessary resources, including donor funding. Disseminating Customs data and information in society is part of governments' response to the general demand for open governance.

To support Customs administrations, the WCO Secretariat has placed data-related topics on the agendas of several committees and working groups, organized awareness-raising seminars, developed e-learning modules, drafted a Capacity Building Framework for Data Analytics which was adopted by the WCO Council in December 2020, issued practical publications and published articles in the WCO News Magazine.

Moreover, a community of experts has been established, under the name of BACUDA (BAnd of CUstoms Data Analysts), which brings together Customs and data scientists with the objective of developing data analytics methodologies.

The Secretariat will continue to investigate ways to collect and share data on Customs administrations with a view to enhancing the way it delivers capacity building, and will continue to undertake data-driven assessments and work with international experts to respond to assistance requests.

More measures will be presented in the WCO Data Strategy that the WCO Secretariat is currently working on. The ambition will be to make data a vernacular language among Customs administrations and between the WCO Secretariat and WCO Members. The road ahead is not an easy one, there will inevitably be challenges along the way, but as we have learned during the COVID-19 pandemic, the Customs community is united, stronger and more resilient in the face of adversity.

Dr. Kunio Mikuriya
WCO Secretary General
26 January 2022

সম্পাদকীয়

২৬ জানুয়ারি আন্তর্জাতিক কাস্টমস দিবস, বিশ্বব্যাপী World Customs Organization (WCO) এর সদস্যভুক্ত অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও এই দিবসটি উদ্‌যাপিত হচ্ছে। এই বছর দিবসের মূল প্রতিপাদ্য "Scaling up Customs Digital Transformation by Embracing a Data Culture and Building a Data Ecosystem"।

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন ও ২০৪১ সাল নাগাদ উন্নত বাংলাদেশ গঠনের লক্ষ্যে আমরা এগিয়ে চলেছি। বাণিজ্যের গতিশীলতা আনয়ন এবং করোনা মহামারীর প্রভাব কাটিয়ে অর্থনীতি পুনর্গঠনে জাতীয় রাজস্ব বোর্ড নিরলস ভাবে কাজ করে যাচ্ছে। তথ্যের ইকোসিস্টেম ও আদান-প্রদানের মাধ্যমে ডিজিটাল কাস্টমসের উন্নয়ন এই প্রক্রিয়াকে ত্বরান্বিত করবে।

অন্যান্য বছরের ন্যায় উৎসাহ, উদ্দীপনা ও দেশব্যাপী প্রচার-প্রচারনার মাধ্যমে এবারের আন্তর্জাতিক কাস্টমস দিবস উদযাপন করা হচ্ছে। দিবসটি পালনের মাধ্যমে জাতীয় উন্নয়নে কাস্টমস অনুবিভাগের গুরুত্ব ও তাৎপর্য প্রতিপাদিত হয়। জাতীয় রাজস্ব বোর্ড ও তার অংশীজনদের মধ্যে সৌহার্দ্যপূর্ণ সম্পর্কের বিনির্মান হয়।

আন্তর্জাতিক কাস্টমস দিবস উপলক্ষ্যে প্রতি বছরের ন্যায় এবারও একটি স্মরণিকা প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত স্মরণিকায় মূল প্রবন্ধ ছাড়াও কাস্টমস বিষয়ক তত্ত্ব, তথ্যবহুল বিভিন্ন রচনা ও প্রবন্ধ প্রকাশিত হয়েছে। যে সকল কর্মকর্তা রাজস্ব আহরনের গুরুদায়িত্বে ব্যাপৃত থেকেও লেখনির মাধ্যমে এই স্মরণিকাকে সমৃদ্ধ করেছেন, তাঁদেরকে প্রকাশনা উপ-কমিটির পক্ষ থেকে কৃতজ্ঞতা জানাই। উল্লেখ্য যে, স্মরণিকায় লেখকদের প্রদত্ত তথ্যাদি ও বক্তব্য তাঁদের একান্ত নিজস্ব মতামত হিসেবে বিবেচ্য। আশাকরি আমাদের এই ক্ষুদ্র প্রয়াস পাঠক হৃদয়ের চাহিদা কিছুটা পূরণ করতে সহায়তা করবে।

সম্পাদনা পরিষদ

সূচি

পৃষ্ঠা

মূল প্রবন্ধ ১৬

Bangladesh in the Fourth Industrial Revolution (4IR) ২৪
Dr. Md. Shahidul Islam
Abhishek Chakravarty

Assisting implementation of Bangladesh Single Window ৩৯
Md. Nasir Uddin

Digital Customs Administration to Spearhead Cross-Border Paperless Trade ৬৭
Noor Md. Mahbubul Haq

স্বর্ণ আটকের পেছনের কাহিনি ৭৩
ড. মইনুল খান

The Role of Data Analytics (DA) for Enhanced Customs Control ৮৯
Mohammad Abu Yusuf, PhD

সমন্বিত পারস্পর্যে বেনাপোলে কাস্টমস সংস্কার ৯৯
মোহাম্মদ বেলাল হোসাইন চৌধুরী

Revenue Collection: How it relates with Stress and Anxiety? ১১১
Dr. Nahida Faridy

"International Customs Day-2022" Expectation & Reality (an anecdote of self-Experience) ১২২
Mirza Shahiduzzaman

The Green Customs! Shaping the future ১২৭
Md. Tariq Hassan

Revenue gap and better fiscal policy ১৩৪
Kanchan Rani Dutta

আন্তর্জাতিক কাস্টমস দিবস ২০২২

মূল প্রবন্ধ

আন্তর্জাতিক বাণিজ্যের সহজীকরণ ও প্রতিপালন, সাংস্কৃতিক ঐতিহ্যের রক্ষণ এবং বুদ্ধিবৃত্তিক সম্পত্তি সংক্রান্ত অধিকার সুরক্ষায় বিশ্বব্যাপী কাস্টমসের অনবদ্য ভূমিকাকে সম্মান জানিয়ে অন্যান্য বৎসরের ন্যায় এবারও ২৬ জানুয়ারি পালিত হচ্ছে আন্তর্জাতিক কাস্টমস দিবস। একবিংশ শতাব্দি তথ্য প্রযুক্তি সংক্রান্ত চতুর্থ শিল্প বিপ্লবের শতাব্দি। সরকারি, বেসরকারি প্রতিটি ক্ষেত্রে তথ্য নির্ভর সিদ্ধান্ত-গ্রহণ সময়ের দাবি। তদুপরি, চলমান কোভিড-১৯ সংক্রান্ত অতিমারির কারণে দক্ষ মানব সম্পদের অপ্রতুলতার চ্যালেঞ্জ মোকাবেলায় তথ্য নির্ভর ব্যবস্থাপনার বিকল্প নেই। তথ্য শাসন (Data governance) সংক্রান্ত বৈশ্বিক প্রবণতা সত্বেও কাস্টমস প্রশাসন এ বিষয়ে অধিকতর উন্মুক্ত নীতি নির্ধারণে বিভিন্ন কারিগরি, নৈতিক এবং আইনি বাঁধার সম্মুখীন হয়ে থাকে। এ সকল বাঁধা উত্তরণে কাস্টমসের পূর্ণাঙ্গ ডিজিটাল রূপান্তর অত্যাবশ্যক। বিশ্বাস ও আস্থার উপর ভিত্তি করে একটি সুসংহত কাস্টমস তথ্য ইকোসিস্টেম গড়ে তোলা; মানব সম্পদের অপ্রতুলতাকে পূরণ করার জন্য একটি সত্যিকার তথ্য সংস্কৃতি গ্রহণ করা; এবং বিশ্বব্যাপী কাস্টমস প্রশাসনের মধ্যে একটি সহযোগিতার সংস্কৃতি লালন করার মাধ্যমে কাস্টমস প্রশাসনের ডিজিটাল রূপান্তর সম্পন্ন করা সম্ভব।

ডিজিটাল বাংলাদেশের স্বপ্নদ্রষ্টা মাননীয় প্রধানমন্ত্রীর রাজনৈতিক অঙ্গীকার বাস্তবায়নে জাতীয় রাজস্ব বোর্ড আন্তর্জাতিক বাণিজ্য সহজিকরণে কাস্টমস অটোমেশনে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করেছে। উন্নত সেবা, জবাবদিহিতা, স্বচ্ছতা ও স্বয়ংক্রিয় পদ্ধতির দ্বারা কাস্টমস শুল্কায়নে এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের ব্যবহার Data Ecosystem নিশ্চিত করেছে। একইসাথে, Data Culture অর্থাৎ তথ্য-উপাত্ত ব্যবহারের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণের সক্ষমতা কাস্টমস পরিবেশকে গতিশীল ও ন্যায়ানুগ নিশ্চিত করায় রাজস্ব প্রবনতার অগ্রগতি সৃজিত হয়েছে। ASYCUDA World নির্ভর কাস্টমস Data System রাজস্ব প্রশাসনের রাজস্ব শৃঙ্খল ও কাঠামোর শক্তিশালী ভিত সৃষ্টি করেছে, যা সরকারের ঘোষিত ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে যুগান্তকারী ভূমিকা পালন করছে।

বিশ্ব কাস্টমস সংস্থা (WCO) ও আন্তর্জাতিক কাস্টমস দিবসের পটভূমি ও বিকাশ

General Agreement on Tariff and Trade (GATT) নীতিমালার আওতায় কাস্টমস ইউনিয়ন গঠনের লক্ষ্যে ১৯৪৭ সালে ১৩টি ইউরোপিয়ান দেশ কর্তৃক একটি স্টাডি গ্রুপ তৈরির সিদ্ধান্ত হয়। যার ধারাবাহিকতায় ১৯৫৩ সালের ২৬

জানুয়ারি ব্রাসেলসে সংস্থাটির প্রথম আন্তর্জাতিক সভা অনুষ্ঠিত হয়। সংস্থাটি ১৯৯৪ সালে World Customs Organization (WCO) নামে আত্মপ্রকাশ করে। প্রথম সভার দিন ২৬ জানুয়ারিকে স্মরণে রেখে ২০০৯ সাল হতে প্রতি বছর বিশ্বব্যাপী আন্তর্জাতিক কাস্টমস দিবস উদযাপিত হচ্ছে।

আন্তর্জাতিক কাস্টমস দিবস-২০২২ এর প্রতিপাদ্য বিষয়

সরকারি-বেসরকারি সংস্থাসমূহ ও আন্তর্জাতিক কাস্টমস সহযোগিতার সুদৃঢ় ভিত্তি সৃষ্টির মাধ্যমে বৈদেশিক বাণিজ্যের গতিশীলতা রক্ষা এবং বৈশ্বিক করোনা অতিমারীর প্রভাব কাটিয়ে অর্থনীতি পুনর্গঠনে কাস্টমস ডিজিটাইজেশনের ভূমিকাকে প্রাধান্য দিয়ে World Customs Organization আন্তর্জাতিক কাস্টমস দিবস-২০২২ এর প্রতিপাদ্য বিষয় নির্ধারণ করেছে "Scaling up Customs Digital Transformation by Embracing a Data Culture and Building a Data Ecosystem" অর্থাৎ 'তথ্য-সংস্কৃতির চর্চা এবং তথ্য-ইকোসিস্টেম বিনির্মাণের মাধ্যমে ডিজিটাল কাস্টমসে রূপান্তরের প্রক্রিয়াকে ত্বরান্বিতকরণ'। এ প্রতিপাদ্যে তিনটি বিষয়ের উপর গুরুত্বারোপ করা হয়েছে: Digital Transformation (ডিজিটাল কাস্টমসের সম্প্রসারণ), Data Culture (তথ্য-উপাত্ত চর্চা) ও Data Ecosystem (তথ্য প্রতিবেশ)। Data বা তথ্য-উপাত্ত সংগ্রহ সহজীকরণে একটি Digital Platform আবশ্যক, যার উপর ভিত্তি করে Data Analysis ও প্রয়োগিক কার্যকরণ বা Applicaton নিশ্চিত করা যায়। এক্ষেত্রে, উক্ত Digital Platform ভবিষ্যত Data Ecosystem তথা সংস্থা, অবকাঠামো এবং প্রায়োগিক কার্যকরণ-এর সমন্বিত ব্যবহারের মাধ্যমে তথ্য বিশ্লেষণের পরিবেশ প্রস্তুত করবে। Data Ecosystem এর Data মূলত: সরকার এবং অংশীজনদের রাজস্ব নীতি প্রণয়ন, রাজস্ব ফাঁকি রোধে নিবারণী কার্যক্রম এবং স্বচ্ছ বাণিজ্যে সর্বোচ্চ সহযোগিতার মতো নীতি নির্ধারণী বিষয়ে মুখ্য ভূমিকা পালন করবে। ফলশ্রুতিতে তথ্য-উপাত্ত চর্চার পরিবেশ বাস্তবায়ন নিশ্চিত করা যাবে, যেখানে Data বা তথ্য সর্বক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণে অন্যতম প্রধান নিয়ামক হবে। ডিজিটাইজেশনের স্বয়ংক্রিয় প্লাটফরম ব্যবহারে Data বা তথ্য-উপাত্তের নিশ্চয়তা এবং উক্ত তথ্যের ভিত্তিতে একটি শক্তিশালী Data Ecosystem বা পরিবেশ নিশ্চিত করার পরিপ্রেক্ষিতে পূর্ণাঙ্গ তথ্য-উপাত্ত চর্চার আবহ কাস্টমস প্রশাসনে সৃজন করাই আন্তর্জাতিক কাস্টমস দিবসের এবারের মূল প্রতিপাদ্য বিষয়। শুল্ক ব্যবস্থাপনায় ডিজিটাল উত্তরণে নিম্নলিখিত বিষয়ে গুরুত্বারোপ করা যেতে পারে:

ক) পারস্পরিক বিশ্বাসের ভিত্তিতে তথ্য জগত বিনির্মাণ: কাস্টমস কর্তৃক সরকারি-বেসরকারি সংস্থা, উন্নয়ন সহযোগীসহ বিভিন্ন প্লাটফরমের তথ্য ব্যবহার ও বাণিজ্যিক ডাটাবেইজের তথ্য আহরণের মাধ্যমে উন্নত তথ্য জগত প্রতিষ্ঠা করতে

হবে। এটি কাস্টমস নীতি প্রণয়ন, জালিয়াতি রোধ, রাজস্ব আহরণ, জনবলের যথাযথ ব্যবহারসহ কাস্টমস ইউনিটের সাফল্য বৃদ্ধির নিয়ামক হবে। তথ্য জগত বিনির্মাণে তথ্য সংগ্রহে আন্তর্জাতিক ও দেশিয় ডিজিটাল নিরাপত্তা, তথ্যের গোপনীয়তা বা ব্যক্তি স্বাধীনতা খর্ব হয় কি না সে সংক্রান্ত আইনি ভিত্তি বিবেচনায় নিয়ে উদ্ভাবনী উপায়ে উন্নত তথ্য জগত বিনির্মাণে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

খ) তথ্য-উপাত্ত চর্চার মাধ্যমে জনসম্পদ সৃষ্টি: তথ্য উপাত্তের মাধ্যমে আধুনিক কাস্টমস পরিসেবা প্রদান অন্যতম গুরুত্বপূর্ণ বিষয়। কর্মকর্তাদের আধুনিক ও উন্নত প্রশিক্ষণের মাধ্যমে জনসম্পদে পরিনত করতে হবে। Data Analysis বিষয়টি জটিল বা Technical নয় বরং উন্নত প্রশিক্ষণের মাধ্যমে কাস্টমস প্রশাসনের মূল সংস্কৃতিতে রূপান্তরে প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণ করতে হবে। এক্ষেত্রে কাস্টমস ট্রেনিং একাডেমি যথাযথ ভূমিকা পালন করতে পারে।

গ) দেশিয় ও আন্তর্জাতিক সংস্থার মিথোষ্ক্রিয়ার মাধ্যমে উন্নত তথ্যজগত বিনির্মাণ: আন্তর্জাতিক আমদানি-রপ্তানি বাণিজ্যে দেশিয় তথ্যের স্বচ্ছতায় প্রয়োজন আন্তর্জাতিক সহযোগিতা। বাংলাদেশ কাস্টমস বিভিন্ন দেশের সাথে Mutual Customs Data Exchange বিষয়ক MoU স্বাক্ষরপূর্বক স্বয়ংক্রিয় তথ্য আদান-প্রদানের ক্ষেত্র নিশ্চিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করছে। একইসাথে, দেশিয় ও আন্তর্জাতিক বিভিন্ন আর্থিক এবং গবেষণা সংস্থাকে ASYCUDA World এ সংরক্ষিত তথ্যের ব্যবহারের সুযোগ প্রদান শক্তিশালী রাজস্ব নীতি কাঠামো ও আধুনিকায়ন পরিকল্পনায় অন্যতম প্রধান নিয়ামক হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে।

Data Ecosystem এর মাধ্যমে আধুনিক ও স্বয়ংক্রিয় তথ্যভান্ডার সৃজন এবং তথ্য বা Data এর ব্যবহারে সরকারি-বেসরকারি অংশীজনদের পারস্পরিক সহযোগিতা শক্তিশালী কর কাঠামো ব্যবস্থাকে ভবিষ্যতে আরো সমুন্নত করবে। জাতীয় রাজস্ব বোর্ড Data Culture বিকাশে ইতোমধ্যে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করেছে:

- ✓ঝুঁকি ব্যবস্থাপনা কাঠামো বাস্তবায়নে পৃথক কমিশনারেট সৃজনসহ Data Analysis এ প্রয়োজনীয় দক্ষতা উন্নয়নে কার্যক্রম গ্রহণ করা হয়েছে;
- ✓কাস্টমস কর্মকর্তাদের Data Science বিষয়ক জ্ঞান বিকাশে বাংলাদেশ কাস্টমস এর একাডেমিক সিলেবাস যুগোপযোগী করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে;
- ✓WCO হতে প্রদত্ত গাইডলাইন অনুযায়ী নীতি নির্ধারণে WCO Data Model ও Data Standards কে ভিত্তি করে রাজস্ব নীতি প্রণীত হচ্ছে; এবং
- ✓তথ্যের গোপনীয়তাসহ Data Access এর নিরাপত্তা নিশ্চিতে ASYCUDA World এ সিকিউরিটি মডিউল সম্প্রসারণ করা হয়েছে।

বাংলাদেশ কাস্টমসের ডিজিটাল প্লাটফরম এ্যাসাইকুডা

Automated Systems for Customs Data এর সংক্ষিপ্ত রূপ হচ্ছে এ্যাসাইকুডা, যা UNCTAD কর্তৃক উদ্ভাবিত একটি কম্পিউটারাইজড কাস্টমস ম্যানেজমেন্ট সিস্টেম। কাস্টমস এর ডিজিটাল ব্যবস্থা নিশ্চিতে UNCTAD এর Technical Assistance Program আশির দশকে প্রথম চালু হয়। শুরুতে ASYCUDA এর ভার্সন ২.৬ এর মাধ্যমে কার্যক্রম শুরু করা হলেও পরবর্তীতে Y2K Compliant ভার্সন ২.৭ ও ASYCUDA++ পেরিয়ে বর্তমানের এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমটিকে পূর্ণাঙ্গ রূপ প্রদান করেছে। বর্তমানে বিশ্বের ৯০টির বেশি দেশে ১৯টি ভাষায় এ সিস্টেমের মাধ্যমে শুল্কায়ন কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। এর মধ্যে ৪০ টিরও অধিক দেশে এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম ব্যবহৃত হচ্ছে।

বাংলাদেশ কাস্টমসের ডিজিটাল ব্যবস্থার ধারাবাহিক অগ্রযাত্রা

জাতীয় রাজস্ব বোর্ডের গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগকে কম্পিউটারাইজড করার জন্য বিশ্ব ব্যাংকের সহায়তায় গৃহীত ETAC (Excise, Tax and Customs) প্রকল্পের মাধ্যমে বস্তুত: কাস্টমস অটোমেশন কার্যক্রমের সূচনা হয় ১৯৯১ সালের ১ ডিসেম্বরে। এ প্রকল্পের আওতায় প্যারাডক্স সফটওয়্যারের মাধ্যমে উন্নয়নকৃত কাস্টমস ইনফরমেশন সিস্টেম (সিআইএস) ব্যবহার করে শুল্ক ভবন ও শুল্ক স্টেশনসমূহের বিল অব এন্ট্রির তথ্যাদি পোস্ট ডাটা এন্ট্রি শুল্কায়নকৃত রাজস্ব ডাটাসমূহ কম্পিউটারে ধারণ করে বাজেট প্রণয়ন, বিশ্লেষণ, গবেষণা ও পরিসংখ্যানের কাজে ব্যবহৃত হতো। পরবর্তীতে ১৯৯৩ সালে UNCTAD কর্তৃক উদ্ভাবিত এ্যাসাইকুডা version 2.6 চালুর মাধ্যমে বাংলাদেশ কাস্টমস এর অটোমেশন কার্যক্রমের আনুষ্ঠানিক সূচনা হয় এবং বাংলাদেশ কাস্টমসের ইতিহাসে প্রথমবারের মতো ট্রেড স্ট্যাটিস্টিকস ও কম্পিউটারাইজড অপারেটিভ ট্যারিফ জেনারেট করা সম্ভব হয়। এরই ধারাবাহিকতায় কাস্টমস এ্যাডমিনিস্ট্রেশন মডার্নাইজেশন (ক্যাম-১) প্রকল্পের আওতায় বাংলাদেশ কাস্টমস এর ডিজিটাইজেশনের দ্বিতীয় দফা কর্মসূচি ১ আগস্ট, ১৯৯৯ সালে শুরু হয়ে জুলাই, ২০০৪ সালে সমাপ্ত হয়। এ সময় ৪টি কাস্টম হাউস (চট্টগ্রাম, ঢাকা, আইসিডি, বেনাপোল) এবং সিইপিজেডে ASYCUDA++ সিস্টেম সফলভাবে চালু করা হয়। পূর্ণাঙ্গ অটোমেশন ও অধিকতর ট্রেড ফ্যাসিলিটেশন নিশ্চিতকল্পে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডার, চেম্বার প্রতিনিধি, মাঠ পর্যায়ে কর্মরত উর্ধ্বতন কাস্টমস কর্মকর্তাদের নিয়ে বিভিন্ন সময়ে অনুষ্ঠিত সভায় UNCTAD কর্তৃক উদ্ভাবিত ও চালুকৃত ASYCUDA++ সিস্টেমটির ওয়েবভিত্তিক ভার্সন ASYCUDA World System স্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। বর্তমান সরকারের রাজনৈতিক সদিচ্ছা ও মাননীয় প্রধানমন্ত্রীর ডিজিটাল

বাংলাদেশ বিনির্মাণের প্রত্যয়ে গৃহিত আধুনিকায়ন প্রকল্পের আওতায় ২০১২ সালে ASYCUDA World System বাস্তবায়ন করা হয়। কোনরূপ বৈদেশিক অর্থ সাহায্য ব্যতিরেকে সম্পূর্ণ সরকারি অর্থায়নে জাতীয় রাজস্ব বোর্ড এ্যাসাইকুডা ওয়ার্ল্ড বাস্তবায়ন করেছে। জাতীয় রাজস্ব বোর্ডে স্থাপিত ডাটা সেন্টার ও চট্টগ্রামে স্থাপিত ডিজাস্টার রিকভারি সেন্টার এর মাধ্যমে শুল্ক ভবন, শুল্ক স্টেশনসমূহের মধ্যে ডাটা কানেক্টিভিটি স্থাপনসহ এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম এর সফল বাস্তবায়নের মাধ্যমে প্রকল্প পরিকল্পনা, প্রকিউরমেন্ট, প্রশাসনিক ব্যবস্থাপনা, সিস্টেম পরিচালনা ও রক্ষণাবেক্ষণে জাতীয় রাজস্ব বোর্ড সরকারি সেবায় Digital Transformation এ যুগান্তকারী ভূমিকা পালন করেছে। ২০১২-১৩ অর্থবছরে চালুকৃত ASYCUDA World System কার্যক্রমের গতিশীলতা ও অধিক সংখ্যক মডিউল কার্যকরণের লক্ষ্যে ২০২০-২১ অর্থবছরে হার্ডওয়্যার/সফটওয়্যারসহ পুরো সিস্টেমকে Upgradation করা হয় (Scalling Up), যা মুজিব বর্ষে জাতীয় রাজস্ব বোর্ডের অন্যতম সফলতার পরিমাপক।

ASYCUDA World System কার্যক্রমের মাধ্যমে Data Ecosystem প্রস্তুত এবং Data Culture বাস্তবায়ন

- এ্যাসাইকুডা ওয়ার্ল্ড n-tier architecture এর ভিত্তিতে প্রতিষ্ঠিত একটি web enabled system, যা ব্যবহার করে এয়ারলাইন্স অপারেটর, ফিডার অপারেটর, শিপিং এজেন্ট, ফ্রেইট ফরওয়াডার্স, সিএন্ডএফ এজেন্ট, বন্দর কর্তৃপক্ষ, বাংলাদেশ নৌবাহিনী, ব্যাংক ও অন্যান্য সংস্থা এবং শুল্কায়নে নিয়োজিত কর্মকর্তাগণ নিজ নিজ ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে ইন্টারনেটের মাধ্যমে পৃথিবীর যে কোন প্রান্ত থেকে তাদের প্রাত্যহিক কার্যক্রম সম্পন্ন করতে পারেন (Data Ecosystem)। এছাড়া, এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম আধুনিক নিরাপত্তা প্রোটোকল তথা বায়োমেট্রিক আইডেনটিফিকেশন সাপোর্ট করে থাকে;

- ASYCUDA World সিস্টেম ব্যবহারের মাধ্যমে মেনিফেস্ট, কাস্টমস ডিক্লারেশন, রিস্ক ম্যানেজমেন্ট, একাউন্টিং প্রসিডিউরস, সাসপেন্স প্রসিডিউরস এবং ট্রানজিট ম্যানেজমেন্ট সম্পন্ন করা যায়। এর ট্রেড ডাটা ব্যবহারের মাধ্যমে আমদানি রপ্তানির গতি প্রকৃতি বিশ্লেষণ, মনিটরিং, ফিসকাল এনালাইসিস, নীতি নির্ধারণী ও গবেষণাধর্মী কার্যক্রম সম্পন্ন করা হচ্ছে (Data Culture);

- ASYCUDA World এ প্রিপেইড একাউন্ট বা ই-পেমেন্টের মাধ্যমে আমদানি ও রপ্তানি চালানের ক্ষেত্রে ব্যাংকে গমন ব্যতিরেকে শুল্ক পরিশোধের সুবিধা রয়েছে;

- সকল শুল্ক ভবনসহ দেশের বিভিন্ন সীমান্তবর্তী স্থল শুল্ক স্টেশনসমূহ জাতীয় রাজস্ব বোর্ডে স্থাপিত কেন্দ্রীয় ডেটা সেন্টারের আওতায় একযোগে uniform এবং harmonized system-এ কাজ করতে পারছে। এর ফলে বর্তমানে শুল্ক স্টেশনসমূহ তাৎক্ষণিকভাবে নিজেদের মধ্যে তথ্য বিনিময় করে বা কেন্দ্রীয় ডাটাবেস পর্যালোচনা করে শুল্কায়ন বিষয়ে সঠিক সিদ্ধান্ত নিতে পারছে;

- আঞ্চলিক পর্যায়ের ট্রানজিট/ট্রানশিপমেন্ট বাণিজ্য সহজ ও দ্রুত সম্পাদন করার লক্ষ্যে প্রয়োজনীয় মডিউল বাস্তবায়ন করা হয়েছে;

- এ্যাসাইকুডা ওয়ার্ল্ড প্রোগ্রামের সাথে বাংলাদেশ ব্যাংকের কম্পিউটার সিস্টেমের ইন্টারফেসিং সম্পন্ন হওয়ায় ই-এলসি ব্যবস্থাপনা মনিটরিং এবং মানিলন্ডারিং প্রতিরোধ, বাংলাদেশ নৌ-বাহিনীর সাথে ইন্টারফেসিং হওয়ায় এ্যাসাইকুডা ওয়ার্ল্ড ব্যবহারের মাধ্যমে ডেঞ্জারাস কার্গো মনিটরিং কার্যক্রম সহজতর হয়েছে;

- চট্টগ্রাম বন্দরের সাথে মেনিফেস্ট ডাটা শেয়ারিং এর মাধ্যমে কন্টেইনার ম্যানেজমেন্ট ও আমদানি চালান খালাস দ্রুততর হওয়ায় বন্দরের রাজস্ব আয় বৃদ্ধির পাশাপাশি কন্টেইনার জট নিরসন সম্ভব হয়েছে; এবং

- সকল বন্দর কর্তৃপক্ষের সাথে এক্সিট নোট চালুর ফলে শুল্ক কর পরিশোধ ব্যতিরেকে আমদানি পণ্য খালাসের ঝুঁকি হ্রাস পেয়েছে।

স্থিতিশীল রাজস্ব কাঠামো বাস্তবায়নে কাস্টমস অনুবিভাগের আধুনিকায়ন কার্যক্রম

টেকসই রাজস্ব ব্যবস্থা নিশ্চিতে কাস্টমস আধুনিকায়নের আওতায় গৃহীত কর্মপরিল্পনাসমূহ নিম্নরূপ:

- **ইনটার‍্যাক্টিভ কাস্টমস ওয়েবসাইট:** বাংলাদেশ কাস্টমস এর অটোমেশনের অংশ হিসেবে www.bangladeshcustoms.gov.bd শীর্ষক ওয়েবসাইট চালু করা হয়েছে;

- **তথ্য প্রযুক্তির মাধ্যমে ঝুঁকি ব্যবস্থাপনা:** ASYCUDA World সিস্টেম থেকে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট ঝুঁকিপূর্ণ পণ্য চালান, আমদানিকারক, রপ্তানিকারক, এজেন্ট ইত্যাদি সনাক্ত করতে সক্ষম হচ্ছে। এর ফলে একদিকে যেমন বৈধ পণ্য চালান দ্রুত খালাস হচ্ছে, Compliance বৃদ্ধি পাচ্ছে, অন্যদিকে যথাযথ রাজস্ব আহরিত হচ্ছে;

- **খালাসোত্তর নিরীক্ষার (PCA) ব্যবস্থা:** পণ্য খালাসে গতিশীলতা আনয়নের লক্ষ্যে ASYCUDA World সিস্টেম এ আধুনিক ঝুঁকি ব্যবস্থাপনা প্রবর্তনের পাশাপাশি খালাসোত্তর নিরীক্ষার উপর জোর দেয়া হয়েছে;

- **শুল্ক মূল্যায়ন ব্যবস্থাপনা:** শুল্ক মূল্যায়ন ব্যবস্থাপনা আধুনিক করার লক্ষ্যে শুল্ক মূল্যের দিক থেকে ঝুঁকিপূর্ণ পণ্যসমূহের মূল্যসহ সঠিক ঘোষণা যথাযথভাবে প্রদান ও তা অটোমেটিক সিস্টেমে যাচাইয়ার্থে ASYCUDA World সিস্টেম এ কার্যক্রম চলমান আছে;

- **National Enquiry Point (NEP) বাস্তবায়ন:** আমদানি-রপ্তানির সাথে সংশ্লিষ্ট অংশীজনদের কাস্টমস বিষয়ক বিভিন্ন প্রশ্নের উত্তর প্রদানের লক্ষ্যে বাংলাদেশ কাস্টমস National Enquiry Point স্থাপন করছে। এর মাধ্যমে স্টেকহোল্ডারগণ আমদানি-রপ্তানি সংক্রান্ত যে কোন তথ্য বা প্রশ্নের উত্তর সহজেই অনলাইনে পেতে পারবেন। এর ফলে ব্যবসায়ীগণ সঠিক ও দ্রুত সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন;

- **মেধাস্বত্ত্ব অধিকার (IPR) সংরক্ষণ:** গবেষণা, উদ্ভাবনী কাজ ও উন্নয়নে উৎসাহ প্রদান এবং নকল ও ভেজাল পণ্যের আমদানি রোধকল্পে বাংলাদেশ Intellectual Property Rights (IPR) সংরক্ষণে তৎপর রয়েছে। জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক IPR সংক্রান্ত বিধিমালা জারি করা হয়েছে;

- **অগ্রিম রুলিং পদ্ধতি (Advance Ruling System) প্রবর্তন:** ট্রেড ফ্যাসিলিটেশনের অংশ হিসেবে জাতীয় রাজস্ব বোর্ড ইতোমধ্যে পণ্যের শ্রেণীবিন্যাসের অগ্রিম রুলিং পদ্ধতি চালু করেছে;

- **কন্টেইনার স্ক্যানার পদ্ধতি (Non-Intrusive Inspection) প্রবর্তন:** আমদানি-রপ্তানি পণ্যের ঘোষণা যাচাই ও নিরাপত্তা নিশ্চিতকল্পে Non-Intrusive Inspection (NII) এর জন্য বন্দরে কন্টেইনার স্ক্যানার স্থাপন করা হয়েছে। এছাড়া NII পদ্ধতি পরিচালনা ও পণ্যের কায়িক পরীক্ষার বিষয়ে Standard Operating Procedure (SOP) প্রস্তুত করা হয়েছে ;

- **National Single Window (NSW) বাস্তবায়ন:** ২০১৩ সালের ডিসেম্বরে ইন্দোনেশিয়ার বালিতে অনুষ্ঠিত World Trade Organization (WTO) এর নবম মিনিস্টেরিয়াল সভার সিদ্ধান্ত মোতাবেক Trade Facilitation Agreement এর অন্যতম Instrument হিসেবে Interactive National Single Window (NSW) ব্যবস্থা প্রবর্তন করা হচ্ছে;

- **Authorized Economic Operator (AEO) চালুকরণ:** সাপ্লাই চেইনের অন্তর্ভুক্ত যে সকল ইকোনমিক অপারেটর WCO এর নির্ধারিত মান ও শর্ত পূরণে সক্ষম হবে- তাদের AEO স্ট্যাটাস প্রদান করা হচ্ছে; এবং

- **Bond Management Automation Project বাস্তবায়ন:** রপ্তানিমুখী শিল্পের প্রসার ও স্থানীয় শিল্পের প্রতিরক্ষণের স্বার্থে সরকার প্রদত্ত শুল্ক সুবিধার যথাযথ ব্যবহার নিশ্চিতকল্পে স্বচ্ছ, জবাবদিহীতামূলক, আধুনিক এবং আমদানি ও রপ্তানির reconciliation নিশ্চিত করার লক্ষ্যে ২০১৭ সালে বন্ড ব্যবস্থার স্বয়ংক্রিয়করণ প্রকল্প গ্রহণ করা হয়েছে- যার কার্যক্রম বর্তমানে চলমান।

উপসংহার

বাংলাদেশ কাস্টমস সরকারি সেবা প্রদানে আধুনিক ও ডিজিটাল ব্যবস্থার পথিকৃৎ। ইতোমধ্যে ডিজিটাল পদ্ধতির প্রক্রিয়ায় ASYCUDA World নির্ভর বিভিন্ন Module বাস্তবায়িত হয়েছে, যার ফলশ্রুতিতে আধুনিক ও পরিপূর্ণ Data Ecosystem নিশ্চিত হয়েছে। Digital Transformation এর ধারা যা ২০১২-১৩ অর্থবছরে শুচিত হয়, মুজিব বর্ষে তা পূর্ণাঙ্গ রূপ লাভ করেছে।

বৈশ্বিক করোনা অতিমারীর প্রভাবকে অতিক্রম ও সফল মোকাবিলায় কাস্টমস ডিজিটাল ব্যবস্থা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। জনমুখী, ব্যবসা-বান্ধব ও স্থিতিশীল অর্থনৈতিক কাঠামো প্রতিষ্ঠার পাশাপাশি কাস্টমস ডিজিটাল পদ্ধতি ন্যূনতম সংখ্যক রাজস্ব কর্মকর্তা দিয়ে সর্বোচ্চ সেবায় আমদানি-রপ্তানি পণ্য চালান দ্রুত খালাসে নিয়মিত কার্যক্রম চালিয়ে যাচ্ছে। স্থিতিশীল অর্থনৈতিক কাঠামোর মাধ্যমে বঙ্গবন্ধুর সোনার বাংলা প্রতিষ্ঠায় জাতীয় রাজস্ব বোর্ড তথা বাংলাদেশ কাস্টমস মাননীয় প্রধানমন্ত্রীর ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে গর্বিত অংশীদার। ডিজিটাল কাস্টমসের এই অগ্রগতিকে আরো সুদৃঢ়করণের পাশাপাশি আত্মনির্ভরশীল জাতি হিসেবে জনসেবা নিশ্চিত করাই জাতীয় রাজস্ব বোর্ড এর অন্যতম অঙ্গীকার।

Bangladesh in the Fourth Industrial Revolution (4IR)

Dr. Md. Shahidul Islam
Abhishek Chakravarty

What is the Fourth Industrial Revolution '4IR'?

Many scholars have set different definitions of the current buzzword '4IR' or the Fourth Industrial Revolution. And interestingly, all of them are agreeable to a unique feature of the '4IR', which is that such a revolution has promised to re-mold the entire format of the globe in terms of aggressive technological advancements. 4IR is widely called a fusion of advances in artificial intelligence (AI), robotics, the Internet of Things (IoT), 3D printing, genetic engineering, quantum computing, and other micro-level technologies. Such a digital revolution was not much slower but rose the

necessity to look for further advancement, and the condition is now the era of '5IR' or Fifth Industrial Revolution' where we are currently living. Unlike the '4IR', the updated version of the revolution aims to work for a sustainable future where humans and machines can contribute collaboratively by breaking the traditional comforts of an evolution. Hence, an easy concept of the Fourth Industrial Revolution or Industry 4.0 can be that 4IR is a unified tempest of extreme and excessive levels of technologies where humans are not aptly valued.

Evolution of the Industrial Revolutions

According to Britannica, the industrial revolution was first started and confined to Britain from the mid-18th century to about 1830. Then the second industrial revolution happened in Britain, continental Europe, North America, and Japan till the early 20th century. Industrial processes targeted to change the society through wide disbursement of wealth where the economy was planned to be transferred into a large-scale machine-based industry from agricultural and handicrafts deeds. However, the industrial revolution has some basic features that mainly trigger the evolution in different industrial revolution periods, such as the use of introductory material, use of new energy sources, the invention of new machines, critical application of science in the factory system method, etc.

The First Industrial Revolution: Significant Socio-cultural Changes (from the mid-18th century to about 1830)

The Industrial Revolution began in the 18th century, when agricultural societies became more industrialized and urban. The transcontinental railroad, the cotton gin (cotton engine), electricity and other inventions permanently changed society.

Key features of the first Industrial Revolution

- To extend laborers' poverty and misery since their employment became dependent on inflated means of production.

- Lack of job security since frequent technological enhancements recurrently displaced workers
- The absence of worker protections and regulations meant long work hours for miserable wages, living in unsanitary residences, and exploitation and abuse in the workplace.

The Second Industrial Revolution: Exploitation of Many Natural and Synthetic resources (from the mid-19th century until the early 20th century)

Historians have labeled the years from 1870-1914 as the period of the Second Industrial Revolution. While the First Industrial Revolution caused the growth of industries, such as coal, iron, railroads and textiles, the Second Industrial Revolution witnessed the expansion of electricity, petroleum and steel.

Many of the changes that occurred during this period had to do with new products simply replacing old ones. For instance, during this time, steel began to replace iron. Steel was being utilized for construction projects, industrial machines, railroads, ships and many other items. Steel production made it possible for rail lines to be built at competitive costs, which further spread transportation.

Key features of the second Industrial Revolution

- Upsurge to the automatic factory through advances in machines, tools, and computers
- Widespread distribution of ownership through purchase of common stocks by individuals and by institutions such as insurance companies
- Governments moved into the social and economic realm to meet the needs of their more complex industrial societies instead of the laissez-faire ideas

The Third Industrial Revolution: Digital Revolution (from the mid-20th century until the early 21st century)

The Third Industrial Revolution, or Digital Revolution, began in the late 1900s and is marked by the spread of automation and

digitization through the use of electronics and computers, the invention of the Internet, and the discovery of nuclear energy. This era witnessed the rise of electronics like never before, from computers to new technologies that enable the automation of industrial processes. Advancements in telecommunications led the way for widespread globalization, which in turn enabled industries to offshore production to low-cost economies and radicalize business models worldwide (Ward, 2019).

The Fourth Industrial Revolution: (Advent of 21st century towards emerging Fifth Industrial Revolution)

According to the World Economic Forum, The Fourth Industrial Revolution represents a fundamental change in the way we live, work and relate to one another. It is a new chapter in human development, enabled by extraordinary technology advances commensurate with those of the first, second and third industrial revolutions. These advances are merging the physical, digital and biological worlds in ways that create both huge promise and potential peril. The speed, breadth and depth of this revolution is forcing us to rethink how countries develop, how organizations create value and even what it means to be human. The Fourth Industrial Revolution is about more than just technology-driven change; it is an opportunity to help everyone, including leaders, policy-makers and people from all income groups and nations, to harness converging technologies in order to create an inclusive, human-centered future. The real opportunity is to look beyond technology, and find ways to give the greatest number of people the ability to positively impact their families, organizations and communities.

Emerging Fifth Industrial Revolution

The main difference between the 4th and 5th industrial revolutions is that the 5th industrial revolution seeks to foster a more balanced working relationship between increasingly smart technologies and humans. Rather than humans competing with robots for jobs, as

feared with the arrival of the 4th Industrial Revolution, humans are now envisioned to collaborate with them. These *cobots*—collaborative robots—are to be integrated into industrial processes for more repetitive and mundane tasks, providing humans with greater opportunities to use their creative flair (Sondh, 2021). It is believed that human creativity has to be intermingled with the technology and creativity can't be replaced by any technology. As the fifth industrial revolution develops, we are sure to see many more innovations across industries. But it will not be enough to merely automate tasks or digitize processes—the best and most successful companies will be those that can marry the twin forces of technology and human creativity.

So there are broadly five eras of industrial revolutions and each age experienced or is experiencing new advancements compared to the previous one. Mainly the fourth industrial revolution is focused by the countries (as the fifth industrial revolution is emerging) to keep up the pace with the new changing world with the advancement of technology and innovations.

The sequence of the five industrial revolutions

The mechanized production system in the first industrial revolution drove the initial social change since people became progressively urbanized. After that, the mass production system in the second industrial revolution took happen due to the electricity and scientific developments. Generations from the third industrial revolution saw the emergence of computers and digital technology that started to begin in the 1950s. Nevertheless, the advent of the 21st century's fourth industrial revolution bore the necessity of something else that started in the second decade of the 21st century in the name of the fifth industrial revolution. Scholars opined that the third and fourth revolutions were rigid on humans and stiff on the environment (Regenesys Business School, 2020). And so, the preceding generations had to adjust their lifestyle to what the machines could do. The role of IoT and big data is absolute in the 4IR. Thus, the Fifth Industrial Revolution is different. Human

beings are now front and center in the production process. It suggests and also warns that it is compulsory for the people of the present world to adapt to change and keep pace with the new if they do not want be get out of the system. Therefore, adaptation is a must. Appreciating the fact, Esben Østergaard, Universal Robots chief technology officer and co-founder, whispered, "Industry 5.0 will make the factory a place where creative people can come and work, to create a more personalized and human experience for workers and their customers".

1st Industrial Revolution	2nd Industrial Revolution	3rd Industrial Revolution	4th Industrial Revolution	5th Industrial Revolution
Machanisation	Electrification	Automation and Globalisation	Digitalisation	Personalisation
Occurred durting the 18th and 18th centuries, mainly in Europe and North America	From the late 1800s to the start of the First World War	The digital revolution occurred around the 1980s	Start of the 21st century	2nd decade of the 21st century
Steam engines replacing horse and human power	Production of steel, electricity and combustion engines.	Computers, digitisation and the internet,	AI, robotics, IoT, blockchain and crypto.	Innovation purpose and inclusivity.
Introduction of mechanical production facilities driven by water and steam power	Division of labour and mass production, enabled by electricity.	Automation of production through electronic and IT systems	Robotics, artificial intelligence, augmented reality, virtual reality	Deep, multi-level cooperation between people and machines. Consciousness.

Source: Regenesys Business School, 2020

Main Technologies of 4IR

মাসুদ নির্বাক। কোন কথা বলছে না। তার জবাব মিথ্যা প্রমাণিত হচ্ছে। স্কেচম্যাপ দেখানো হলো। আঙ্গুল দেখিয়ে ইশারা দিলো। স্কেচম্যাপ ১০-২০ এর পয়েন্টে ৭টি টয়লেটের লুকানো জায়গাগুলোকে দেখালো। অনিচ্ছা স্বত্ত্বেও বলতে হলো মাসুদকে। দৌঁড়ে গেলো টিম সদস্যরা। টয়লেটের ভেতরে ওয়াল। ওয়ালের স্ক্রু খুলতে হবে। বিমানের ইঞ্জিনিয়ার আনা হলো। মেকানিক দিয়ে একেক করে স্ক্রু খুলে খাতাগুলো বের করে আনা হলো। সাতটা টয়লেটের সবগুলোতে একরূপে লুকিয়ে রাখা হয়েছিলো স্বর্ণগুলো। থরে থরে। মোট কত হবে? ওজন করতে হবে। কাস্টমস হলে নিয়ে মাপা হবে। স্বর্ণকারকে খবর দেয়া হলো। পাশেই থাকে। দীর্ঘদিন এয়ারপোর্টে কাজ করছে। আগেও মেপেছে। স্বর্ণ ব্যবসায়ীদের সংগঠনের স্বীকৃত স্বর্ণকার। নাম গোবিন্দ। বয়স ৪০। খাতা থেকে কেটে একে একে বের করছে গোয়েন্দারা। অন্য সংস্থার লোকজন হাজির। লক্ষ্য করছে। ইনভেন্টরি করতে সাহায্য করছে। সদর দপ্তর থেকে জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যানকে খবর দেয়া হলো। সরকারের উপর মহল অবহিত। সবাই খুশি। এতোবড় চালান সম্প্রতি বড় আটক। গণনা চলছে। মিডিয়ার লোকজন চলে এসেছে। সংবাদ সম্মেলনে। অনেক প্রশ্ন মিডিয়ার। একদিকে শুল্ক গোয়েন্দার সফলতা। অন্যদিকে, এই চোরাচালান কীসের আলামত? কেন আসছে? চাহিদা কোথায়? গলদ কোথায়? একে একে জবাব দিলাম।

সংবাদ সম্মেলন শেষ। কিছু মিডিয়া লাইভ কাভার করেছে। স্বর্ণগুলো গণনা শেষে জব্দ করা হলো। মাসুদের স্বীকারোক্তি অনুযায়ী সুপারভাইজারকে গ্রেফতার দেখানো হলো। সুপারভাইজার এয়ারপোর্টের ভেতরেই ছিলেন। নির্দেশনা দিয়েছে প্লেনের বাইরে থেকে। এ্যাসিসটেন্ট মাসুদকে পাঠিয়েছে ভেতরের অবস্থা জানতে। দুজনকে গ্রেফতার দেখিয়ে থানায় হস্তান্তর করা হলো। আটক স্বর্ণ জমা হলো এয়ারপোর্টের শুল্ক গুদামে। পরেরদিন স্থানান্তর হবে বাংলাদেশ ব্যাংকের ভল্টে।

আটক প্রতিবেদন সামনে। তিনদিন পর তৈরি হলো। মূল্য কোটি কোটি টাকা। মামলা নিষ্পত্তি হলে আর্থিক পুরষ্কার পাওয়া যাবে। বিধিমালায় এটি আছে। মামলা নিষ্পত্তি হলে পাওয়া যাবে। পাঁচ বছর মামলা চললে অপেক্ষা করতে হবে দীর্ঘদিন। সোর্সমানি তাৎক্ষণিকভাবে দেয়া যায়। কালো গোলামকে সোর্সমানি দিয়ে পুরস্কৃত করতে হবে। সোর্সমানি পেলে আর চুরি করতে হবে না। স্টেশনে রাত কাটাতে হবে না। পরেরদিন গার্ড আসলামকে পাঠালাম এয়ারপোর্টের স্টেশনে। জানালো, কালো গোলামকে অনেকে চোর হিসেবে চিনেছে। তবে অনেকদিন তার দেখা নেই। সাতদিন পর আবার পাঠালাম, পাওয়া গেলো না। মোবাইল নম্বরও নেই। সোর্সমানির গোপন রেজিস্টারটি ডেকে আনালাম। লেখা আছে, কালো গোলাম, এয়ারপোর্ট। কোন ঠিকানা নেই। কালো গোলামের পক্ষে কেউ দাবি করার নেই। পীড়া দিলো। এই চোরের বদৌলতে বড় অর্জন হলো। মিডিয়াতে ব্যাপক কাভারেজ। টকশো।

টেলিফোনে ইন্টারভিউ। যে মানুষটির জন্য এই সম্মান তার ভাগ্যে কিছু জোটেনি। স্বীকৃতিও না। দুশো টাকা না পেয়ে ক্ষোভ প্রকাশ করতে এসেছে। রাষ্ট্র উপকৃত হয়েছে। গোলামের কোন উপকারে আসলো না। চোরের আসল নাম গোলাম। কালা টাইটেল। গায়ের রঙ কালো। তাই সবাই ডাকে কালা গোলাম। একান্ত আলাপে বলেছিলো। শান্তনার জায়গাটা অন্যখানে। গোলামের ভাগ্যে জুটেছে শোপিসটি। প্রথম দেখা করতে এসে টেবিলে রাখা শোপিসটি সরিয়ে ফেলেছে। গার্ড নিশ্চিত থাকলেও একফাঁকে গায়েব করে ফেলেছে। গার্ড টের পায়নি। চৌকষ চোর। এখন টেবিলে শোভা পাচ্ছে না। শোপিসটি বন্ধু সোহেল জার্মানি থেকে দুসপ্তাহ আগে এনেছিল। ভিন্নধর্মী। পেনহোল্ডার হিসেবে ব্যবহার করা যায়। সাথে ঘড়ি। শোপিসটাকে টেবিলঘড়ি হিসেবেও ব্যবহার করেছি। এটি এখন নেই। গোলামের পকেটে গেছে। এটির দাম কি গোলাম বুঝবে? পেটের ক্ষুধায় চার হাজার টাকার জিনিস দুশো টাকায় বিক্রি করবে। বন্ধুটি ৫০ ডলার দিয়ে কিনেছে। আসলাম বলছে, স্যার জিনিসটা সুন্দর ছিলো। বায়তুল মোকাররম মার্কেটে গিয়া খুঁইজা নিয়া আসি? চোর ঐখানে বিক্রি করতে পারে। বললাম, এখন হুস হয়ে লাভ কী? আগে হলে এটি হারাতো না। যেটি গেছেতো গেছে। আফসোস করে লাভ নেই।

গোলামকে পাওয়া যাচ্ছে না। ওকে দরকার। মামলার সূত্রে আরো কিছু তথ্য অনুসন্ধানের কাজে। খুঁজে না পাওয়া অস্বস্তিকর। কারণটায় রহস্যময়। পুলিশে ধরা খেতে পারে। আগেরবার বাসে ব্যাগ চুরি করে অফিসে এসেছিলো। এটি সবসময় করে। এখন সেটা যদি না হয়? ছোট চোর বড় চোরকে ধরিয়ে দিলো। বড় চোর ধরিয়ে দেয়া সংক্রান্ত কোন দুর্ঘটনা না তো? বিশ্বাস, সেটি হবে না। অফিসের গোয়েন্দা অফিসের ভেতরেও চোরাচালানীর গুপ্তচর থাকতে পারে। এখান থেকে খবর গডফাদারের কাছে পৌঁছে যাওয়া অসম্ভব কী? এমনটি বা হবে কেন? গোয়েন্দার মন, শুধু প্রশ্ন। জবাব না মিললে কেবলি সন্দেহ।

লেখকঃ বর্তমানে ভ্যাট গোয়েন্দা, তদন্ত ও নিরীক্ষা অধিদপ্তরে মহাপরিচালক হিসেবে কর্মরত আছেন। শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তরের মহাপরিচালক পদে থাকাকালীন (২০১৩-২০১৮) বিমানবন্দর ও দেশের বিভিন্ন স্থানে ব্যাপকভাবে স্বর্ণ আটকের ঘটনার অভিজ্ঞতার আলোকে তাঁর এই লেখাটি প্রস্তুত করা হয়েছে। এটি তাঁর লেখা বই 'স্বর্ণমানব' (অন্যপ্রকাশ, ২০১৭) থেকে সংকলিত। এর উপর ভিত্তি করে একটি টেলিফিল্ম 'কাইল্লাচোরা' প্রচারিত হয়েছে।

The Role of Data Analytics (DA) for Enhanced Customs Control

Mohammad Abu Yusuf, PhD[1]

This paper provides a description of the concept and significance of data analysis, examples of success achieved by customs in detecting anomalies/fraud by data analysis, sharing of data for analysis and challenges associated with data sharing.

Customs deals with imports and exports of goods. The volume and diversity of import and export of goods are huge. In order to deal with the enormous volumes of trade, customs administrations rely more and more on information technology (IT) and risk management. In applying the concept of risk

[1]Dr. Mohammad Abu Yusuf is a member of BCS (Customs and Excise), 15th Batch. He is now a Joint Secretary in the Finance Division

management, analysis of data is vital. For instance, Customs Valuation Database is a typical risk management tool to assess potential risk regarding the accuracy of the import declarations. Here the risk of evasion of customs duty can be measured by comparing the declared value with the previously accepted customs values (Desiderio, 2019)

By analysing historical data and past frauds detected, Customs authorities can improve the effectiveness of controls and their overall performances. Moreover, Customs authority 'scans the environment' to identify evolving trends and patterns, assesses their impact, and responds to threats and opportunities posed by them. In responding to threats, Customs exercise sufficient control on risky goods/illicit trade. Allowing free flow of persons and goods posing no threat (no risk) comes as an opportunity for Customs as this will facilitate better utilization of scarce resources by Customs. Data analytics also help customs to help identify border risks. For example, New Zealand use data analytics to help identify risks to New Zealand. Data modellers, data scientists, data wranglers and business analysts work together in the Joint Border Analytics (JBA) team of New Zealand with input from subject matter experts. The objective of this analysis is to gain new insights into border risk through the use of analytics software and data sharing.

Data analytics is the process of obtaining raw data and examining that information in order to identify patterns and draw conclusions. It (DA) includes Traditional analytics (known as business intelligence, e.g. what happened) and Predictive analytics (e.g. what will or could happen?). Using analytic tools, data analysts piece together information from different sources to establish links and relationships. In other words, data analytics (DA) may offer customs with adequate cues to apply risk management techniques to strike a fine balance in dealing with legitimate and illicit goods.

Data Analytics can assist Customs in identifying errors such as valuation errors (i.e. to detect under-valuation with accuracy), incorrect classification, incorrect quantity and incorrect country of

origin resulting in leakage of duty and taxes (Keyes, 2015/16, p.14). It also helps customs identify new risks.

Data collection is the first step in the data analysis process. Customs get data from multiple data source such as information from Customs declarations (Bill of Entry), other government departments, commercially available databases, and open source information platforms. The analysis of official and open-source data related to import/exports, trade movements, bank suspicious activity reports, cash transaction reports and currency reporting forms has been proven to provide good results. Information can also be gathered from local and regional intelligence sources, e.g. WCO Regional Intelligence Liaison Office (RILO). Data also comes in various format, from structured data such as numeric data in databases to unstructured data such as text documents, email, audio, financial transactions etc.

Data is considered the 'new oil' (Humby, 2006) or the object of a new 'gold rush'. It is valuable, but if unrefined it cannot really be used. Through data mining, we can extract the useful data. In other words, data, like crude oil or gold, has value only after treatments and for a multitude of usages. However, the mining metaphor is not a proper jargon here because data is not scarce. It is the most widespread resource in the world and the most egalitarian one since everyone produces and owns data.

Not all collected data are equally useful. Some of the data is used to substantiate an analysis. In using data, the reliability and validity of collected data has to be ascertained. Customs may check the data through different means, including verifying the data against the relevant supporting trade documents received.

Singapore Customs Practice

Singapore Customs 'scans the environment' to identify evolving trends and patterns of fraud, assesses their impact, and responds to threats and opportunities posed by them. Singapore Customs has implemented anomaly-detection business intelligence (BI) tool to

flag shipments whose details fall out of the norm. On a real-time basis, the tool risk-scores Customs declarations based on pre-defined criteria and historical datasets in order to identify anomalies. Apart from identifying shipments that are out of the norm, Singapore Customs also analyses the similarities in Customs declarations. Customs declarations which are found extremely similar could be an indicator of rampant incorrect declarations.

Data Analytics for Risk Based Targeting

By analyzing data, such as data on historical shipment trends and modus operandi (MO) of consignments, Singapore Customs officers are able to *triangulate irregularities* that provide an indication of suspicious shipments for inspection. The outcome of these inspections also enriches the risk profiling capabilities of Singapore Customs.

Example: In a case of duty-unpaid cigarettes, Singapore Customs officers, through data analysis, observed that the weight of goods declared in a declaration was lower than the historical trend. In addition, shipment details were found inconsistent with an importer's past business activities. These irregularities were deemed to fit the risk profile of historical cases having similar method of operations, providing officers with solid basis to target the shipment for inspection. This data analytics consequently led to the detection of duty-unpaid cigarettes. (WCO News, n.d.)[2]

Unjustified export incentives through over invoicing: the case of Argentina

Customs analysts assigned to detect trade anomalies using trade data found that the government of Argentina had paid $130 million in unjustified export incentives[3] to companies there. In this case, six people were indicted including the president of a New York bank

[2] https://mag.wcoomd.org/magazine/wco-news-82/data-analysis-in-risk-management-singapore-customs-perspective/ accessed on 07 January 2022

[3] governments often pay these incentives to manufacturers to encourage them to lower their prices and make their products more competitive abroad

and three former executives of a metal refining company on charges of defrauding the Argentine government of hundreds of millions of dollars in revenue in an elaborate manufacturing and export scheme.

The defendants colluded with Argentine manufacturers to overinvoice the value of metal goods exported from Argentina to the United States, according to a 51-count federal indictment disclosed in March 2000. The indictment alleges that from September 1992 through April 1996, the conspirators overvalued the exported metals. To justify the payment of rebates, the defendants presented the Argentine government with fraudulent bank documents and customs documents, as well as invoices from sham purchases As a result, the Argentine government paid $130 million in unjustified export incentives to companies there (Finkelstein, 2000).

Use of Big Data in Customs/Tax Administration

Analysis of BIG DATA (regular submissions, formatted data) tells Customs about

- Historical shipment trends
- Deviations
- Specific trends and patterns in trade environment
- Risk of consignment and targeting area (Satoko Kagawa, nd.)

The IRS of the USA uses Big Data to combat tax fraud. They employ social media data mining, to prove that people are living a more prosperous lifestyle than their tax records. Data comes from a variety of sources: banks, land registry, credit cards, owned or sold vehicles, tax documents, VAT registration, last year's tax return, any tax investigation, online platforms, social media, web browsing and email records.

Success Factors to use Big Data

1. Preparing the widest possible sets of data resource to provide the basis for analysis and reasoning.

2. Preparing digital models of irregularities.

3. Applying the models to the big data sets, meaning that the computer filters the data using the models of irregularities

A good use of big data is in detecting tax fraud and other irregularities. *British Connect System*, used by the British HM Revenue and Customs Office, provides a successful implementation of big data analysis for detection of irregularities.

Success Example of Big Data Application: British Connect System

"British Connect System was built at a cost of £45 m. In 2013, the British government granted an extra £150 m to HMRC to develop methods of tackling tax avoidance and evasion, as well as reducing fraud, error and debt in the tax credits system (HM Revenue & Customs, HM Treasury, 2015). In 2014, Connect recovered £35 bn of unpaid taxes (Caldwell, 2014 in Maciejewski, 2017).

The Connect system combines data from 28 different sources, including both public and private entities, such as the Land Registry, Companies House, the electoral roll and several others. Thus, it can analyse data such as information on property transactions, company ownership, loans, bank accounts, employment history and self-assessment records. Data held by local government, the Driver and Vehicle Licensing Agency, hospitals, insurers, professionals (Caldwell, 2014) and others were also analysed. In 2011, analyses based on the above information made it possible to detect individual tax irregularities and to indicate specific professions where there was the greatest likelihood of tax evasion. The success of the system influenced other countries to implement similar solutions (Zawadka, 2014 in Maciejewski, 2017 p. 125-126)"

There is, however, a considerable challenge for Customs in using big data. Customs (also trade) need to choose and implement right

technology to extract value from big data[4], and finding skilled personnel with data analytics skills.

Data Sharing for Customs Intervention

Cooperation arrangements between customs and other agencies including researchers underpin customs efforts of preventing fraud and duty evasion. There are examples of cooperation between Customs and researchers. The HMRC (Her Majesty's Revenue & Customs) of the United Kingdom launched a datalab in 2011. The HMRC 'lab' offers researchers access to individual and transaction-level data under strict security conditions (de-identified data, secure room, no internet connection, checks of data extractions) (Almunia et al., 2019). Transaction level Customs data has a very important value for commercial interests and economic policies (Kunio Mikuriya and Thomas Cantens, 2020). Niger customs use transaction-level data to measure the fiscal and economic impact of customs measures before proposing them in the finance law. In this context, it seems pertinent to mention that in sharing data, the WCO Data Model, a set of standardised and harmonised data and electronic messages that enable the sharing of information between Customs and other cross-border regulatory agencies may be followed.

Regulatory Challenge in Sharing Data

Sharing data and information between countries is a big challenge due to the variations in legal systems and procedures. For example, General Data Protection Regulation (GDPR), aimed at protecting personal data, entered into force in 2018 in Europe places significant restrictions on the kinds of data that can be shared and

[4]Almost everyone in modern society leaves digital traces of their lives, which may be gathered and may be available for easy processing and reasoning. The reasoning methods include aggregation of data, extraction, deduction, pattern detection, network analytics, trend evaluations, model creation, prediction and more. Big data allow irregularities to be effectively and quickly detected; they also offer benefits in terms of predictive and behavioural analytics, which can indicate the significant probability of irregularities occurring even before they happen (Pretty, 2013). An example of big data application comes from the US Department of Energy, which used big data methods to improve solar and wind forecasts and improve the assessment of renewable energy resources in the US energy system (IBM, 2015).

used for analytics purposes (Zarsky, 2016). Furthermore, no administration has yet emerged as data-driven.

Biasness of Data

Data may involve biasness. For instance, the 'dirty data' in the police, designating racist or ethnic biases (Richardson et al. 2019a), In Customs, a cause of bias can be data that is poorly collected (a lack of difference between the importer and the final owner, which will make some origins or importers invisible in the dataset) or data that is incomplete (information on the point of entry is not available for all offices and the capital is mentioned instead of a concrete border post). Another example is that corruption can bias the data: wrong values may be regularly accepted by Customs and will therefore be considered as regular by the machine.

Limitation of Data Analytics

An obvious limitation of analytical techniques is that one cannot get insights out of data that are not present in the data. Although analytics can contribute to a more efficient supervision, it does not offer a complete understanding of taxpayer behaviour.

Data Analytics: Bangladesh Scenario

Bangladesh customs is yet to apply data analysis in performing its day to day activities. Customs Intelligence and Investigation Directorate (CIID) seems to analyse data to some extent to target interventions in Customs Stations. They rely more on tips/intelligence to intervene in customs activities.

A new Risk Management Commissionerate is going to be established soon. Official approval has already been given for 108 officials/staff. It is expected the new *Customs Risk Management Commissionerate* will conduct the analysis of data for Bangladesh Customs and share the outcome of the analysis with the ASYCUDA WORLD and Bangladesh Single Window (BSW) Platforms for necessary intervention by the authority. This commissionerate will also deploy Automated Risk Management Solution (ARMS)

software to analyse data for targeting. Around 600-700 risk factors will be used/applied in analysing data for risk management (Discussion with Mr. Nurul Huda Azad, 1st Secretary, NBR, on 05/01/2022)

Concluding Remarks

Bangladesh Customs is yet to emphasise on and practice data analysis in its activities. As such, we are far from data-driven governance in decision making. It is expected that the NBR will achieve progress in data-analysis based governance after the formal launch of Customs Risk Management Commissionerate.

In this regard, it is to be noted that, to launch data analysis, capacity building of customs officials is imperative. Unlocking potential for big data usage needs developing the workforce of customs by identifying high potential data analysts. An online data analytics training course is available in English and French via the WCO CLiKC! Bangladesh Customs, in partnership with the WCO may organise this course available for capacity building of its officials. This will help build a comprehensive knowledge of a data science, to acquire practical knowledge and skills on handling data.

Customs officials may also attend the virtual Workshop on Data Analytics (DA) for manager levels in the Asia-Pacific (AP) region

In order to exploit the potential of big data, Customs, on the one hand, will need to have a strong mastery of its own structured data management and, on the other hand, to advance into other areas to exploit new data.

To conclude, it is not the focus of Customs Department to 'watch' the current movements of cargoes/shipments (to make sure there is no accident). It is however, expected that Customs will maintain and strengthen the cooperative relationship with shippers, carriers, forwarders etc. with a view to obtaining any information that corresponds to certain risk factors.

References

Desiderio, D. (2019). Data Analysis Techniques for Enhancing the Performance of Customs, *World Customs Journal*, 13(2), 17-22

Finkelstein, K.E. (2000). ***Banker Indicted in Fraud Case Said to Have Bilked Argentina, The New York Times, March 08***

Keyes. L. (2015/16). Data Analytics How data analytics can simplify and facilitate trade within the European Union

Kunio Mikuriya and Thomas Cantens (2020). If algorithms dream of Customs, do customs officials dream of algorithms? A manifesto for data mobilisation in Customs, *World Customs Journal*, 14(2)

Maciejewski, M. (2017). **To do more, better, faster and more cheaply: Using big data in public administration,** *International Review of Administrative Sciences*, 83 (IS). 120-135

Rukanova · B et.al., (2021). Identifying the value of data analytics in the context of government supervision: *Insights from the customs domain*, Government Information Quarterly, 38(1),

Zarsky, T.Z. (2016). **Incompatible: The GDPR in the age of big data,** Seton Hall Law Review, 47 (2016), p. 995

WCO (n.d). WCO News-Dossier Data analysis in risk management: Singapore Customs' perspective By Singapore Customs accessed via https://mag.wcoomd.org/magazine/wco-news-82/data-analysis-in-risk-management-singapore-customs-perspective/ on 14 Dec. 2021

Discussion with Mr. Nurul Huda Azad, 1st Secretary, NBR, on 05/01/2022

সমন্বিত পারস্পর্যে বেনাপোলে কাস্টমস সংস্কার

মোহাম্মদ বেলাল হোসাইন চৌধুরী

গত ১৬ ডিসেম্বর আমরা স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী পালন করেছি। স্বাধীনতার পর ১৯৭২-১৯৭৩ সালে দেশের রাজস্ব সংগ্রহ ছিল ১৬৬ কোটি টাকা। বেনাপোল কাস্টমস স্টেশনের আদায়ও নগন্য ছিল। গত পাঁচ দশকে পাল্লা দিয়ে এগিয়েছে দেশের অর্থনীতি। সর্বশেষ হিসাবে আমাদের মাথাপিছু আয় এখন ২৫৫৪ ডলার। ২০২২ এর জানুয়ারিতে বৈদেশিক মুদ্রার রিজার্ভ ৪৪.৯০ বিলিয়ন মার্কিন ডলার। অর্থনীতির আকার ৪০০ বিলিয়ন ডলার। স্থানীয় মুদ্রায় ৩৪ লাখ ৮৪ হাজার কোটি টাকা। ২০৩৫ সালের মধ্যে আমরা বিশ্বের পঁচিশতম অর্থনীতির দেশ হতে যাচ্ছি। দেশের অর্থনীতির এ রাজসিক উত্থানে সামনের সারিতে থেকে অবদান রেখেছে জাতীয় রাজস্ব বোর্ড ও বাংলাদেশ কাস্টমস। গত বছর ২০ শতাংশ প্রবৃদ্ধিসহ এনবিআরের সংগ্রহ ২ লাখ ৬০ হাজার কোটি টাকা। কেবল বেনাপোল কাস্টমস হাউস সংগ্রহ করে ৪ হাজার ১৪৫ কোটি টাকা। ২০১৮ ও ২০১৯ এর বেনাপোল কাস্টম হাউসের পরিবর্তন, সংস্কার ও একটি রুদ্ধশ্বাস ছুটে চলা উদ্যমী দলের অর্জনের উল্লেখযোগ্য কিছু গল্প বলব। তার আগে সুবর্ণ জয়ন্তীতে আত্মবিশ্বাসী বাংলাদেশের কিছু উপাত্তে দৃষ্টিপাত করব।

বাংলাদেশ বিশ্বের ২৫তম বৃহৎ অর্থনীতির দেশ হলে পেছনে পড়বে মালয়েশিয়া, সিঙ্গাপুর, ডেনমার্ক, হংকং, সংযুক্ত আরব আমিরাত, মিসর, নরওয়ে, আর্জেন্টিনা, ইসরায়েল, আয়ারল্যান্ড, অস্ট্রিয়া, নাইজেরিয়া, বেলজিয়াম, সুইডেন, ইরান ও তাইওয়ানের মতো বহু বড় দেশ। ব্রিটেনের সেন্টার ফর ইকোনমিকস অ্যান্ড বিজনেস রিসার্চ তাদের 'ওয়ার্ল্ড ইকোনমিক লিগ টেবিল-২০২১' এ ভবিষ্যদ্বাণী করেছে। ২০২১ সালের মধ্যে উন্নত-সমৃদ্ধ দেশ হবার লক্ষ্য নির্ধারণ করেছে। করোনাকালে গত অর্থবছরে প্রবৃদ্ধি অর্জন ৫.৪ শতাংশ। মালয়েশিয়ায় এ

সময়কালে প্রবৃদ্ধি ৪.৯ শতাংশ। ২০১৯ সালে বাংলাদেশের জিডিপি বেড়েছে ৭.৪ শতাংশ। ভারতে এ হার ছিল ৬.৭ শতাংশ।

অর্থনীতির আলোচনায় অর্থ অপরিহার্য অনুষঙ্গ। দেশের এ উন্নয়নে অর্থের মূল যোগানদাতা জাতীয় রাজস্ব বোর্ড। ১৭ জানুয়ারি ২০২২ এর দি ফিনান্সিয়াল এক্সপ্রেসের প্রধান শিরোনাম দেশের REER (Real Effective Exchange Rate) সূচক রেকর্ড ১১৪.৯০; পূর্বে ছিল ১১০.৫০। REER একটি দেশের রপ্তানি ও আমদানিতে উন্নতির অন্যতম সূচক নির্দেশক। পাঁচ দশকে দেশের অর্জন অসীম। বাংলাদেশ এখন বিশ্বের উন্নত দেশের কাতারে। মাননীয় প্রধানমন্ত্রীর মানবিক দেশপ্রেমী নেতৃত্বেই এ অসাধারণ সাফল্য।

জাতীয় রাজস্ব বোর্ডের অধীনে দ্বিতীয় বৃহত্তম কাস্টম হাউসের বর্ণিল পরিবর্তনগুলো আজকের প্রতিপাদ্য। দলগত স্পন্দন সাফল্যের দ্যোতনা। কর্মে সাধনা। সেবায় উদ্দীপনা। 'অতিক্রম নয় ব্যতিক্রম' এ টীমের প্রেরণা। ২০১৭ এর ২৬ নভেম্বর আমার বেনাপোলে যাত্রার সূচনা। অনুপ্রেরণার অনুষঙ্গ অতিমূল্যে পাওয়া স্বাধীনতার চেতনা। বছরে সাড়ে পাঁচ হাজার কোটি টাকা রাজস্ব আদায়ের পাশাপাশি চার লক্ষ যাত্রীসেবার পরিকল্পনা। চ্যালেঞ্জিং সব লক্ষ্য সামনে নিয়ে আমাদের কাজ শুরু। দেশের উন্নয়ন অভিযাত্রায় গুরুত্বপূর্ণ চট্টগ্রাম কাস্টম হাউসের পরেই বেনাপোল কাস্টম হাউস। সেবা সহজিকরণ ও পরিবর্তনের অঙ্গীকার নিয়ে দেড় শতাধিক সংস্কার ও উদ্ভাবনের মাধ্যমে বেনাপোল পূর্ণতা পায় আধুনিক কাস্টম হাউসে। এসব সংস্কারের প্রভাব শুধু বেনাপোল কাস্টম হাউসেই নয়, দেশজ বাণিজ্যেও ইতিবাচক প্রভাব পড়ে। রাজস্ব আদায়ের প্রক্রিয়াকে সহজিকরণ করার ফলে বেনাপোল দিন দিন অংশীজনদের আস্থা অর্জন করে। পণ্য খালাসের সময় ৩০ দিন থেকে ৬ ঘন্টায় নামিয়ে আনার গল্পগুলো খুব সহজ ছিল না।

১৯৫৭ সালে বেনাপোল চেকপোস্ট চালু হয়। এ সময় দিনে গুটিকয়েক মানুষ যাতায়াত করত। স্বাধীনতা পরবর্তী ১৯৭২ সালে মুজিব-ইন্দিরা চুক্তির পর থেকে শুরু হয় বেনাপোল-পেট্রাপোল দিয়ে বাংলাদেশ-ভারত আমদানি-রপ্তানি বাণিজ্য। ১৯৭৪ সালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বেনাপোল চেকপোস্ট পরিদর্শনে আসেন এবং উন্নয়নের প্রতিশ্রুতি দেন। দু'দেশের আমদানি-রপ্তানির পরিমাণ বৃদ্ধির কারণে ২০০০ সালে প্রতিষ্ঠিত হয় পূর্ণাঙ্গ কাস্টম হাউস। বর্তমানে বছরে প্রায় ৩০ হাজার কোটি টাকার বাণিজ্য সম্পন্ন হচ্ছে এবং চেকপোস্ট দিয়ে দিনে গড়ে দশ হাজার মানুষ যাতায়াত করছে। আন্তঃবাণিজ্যে স্থল বন্দর কর্তৃপক্ষ, বিজিবি, পুলিশ, আনসার, সিএন্ডএফ সমিতি ও এলাকাবাসী কাস্টমসের সহায়ক শক্তি হিসেবে কাজ করছে।

পেট্রাপোল থেকে দ্রুত ট্রাক গ্রহণ, কালিতলা পার্কিয়ের দীর্ঘসূত্রিতা বন্ধকরণ, ভোর ৬টায় ভারতীয় কাস্টমস কর্মকর্তাদের উপস্থিতি নিশ্চিতকরণ, রেল কার্গো চালুকরণ, চেকপোস্টে ভারতীয় অংশে বিড়ম্বনা পরিহার ইত্যাদি দ্বিপাক্ষিক ইস্যুতে ভারতের পশ্চিমবঙ্গ প্রিভেন্টিভ কমিশনারের সাথে নিবিড় যোগাযোগ রক্ষা করা হতো। ভারতীয় কর্মকর্তাদের অসংখ্যবার দাওয়াত দিয়ে আপ্যায়ন করা হয়। কমিশনারদেরকে ইলিশ মাছ উপহার পাঠানো হয়। ফলে ভারতীয় পক্ষ দুটো লিংক রোড খুলে দেয়। দিনে ১০০০ ট্রাক ঢোকার ব্যবস্থা করে। একটা সময় কালিতলা পার্কিং খালি হয়ে যায়।

আলোকিত কাস্টমস-আলোকিত বাংলাদেশ এই স্লোগানকে ধারণ করে ২০১৯ সালে বিশ্ব ব্যাংক অ্যাওয়ার্ড অর্জন করে বেনাপোল কাস্টমস। তাছাড়া আমদানি-রপ্তানি বাণিজ্যে আধুনিকায়ন, শুল্কায়নে স্বচ্ছতা ও জবাবদিহিতা, অবকাঠামোগত উন্নয়ন, রাজস্ব আয় বৃদ্ধি এবং যানজট নিরসনে তথা আধুনিক কাস্টম হাউস বেনাপোল নির্মাণের স্বীকৃতি হিসেবে 'বিজনেস এক্সিলেন্স অ্যাওয়ার্ড ২০১৯' লাভ করে। ..... "whereas Benapole has set an excellent example of reducing physical inspection through issuance of an office order with

reference to RM related clause of the Customs Act as well as having an assigned team in place to carry out risk analysis within their limited capacity. We believe the Custom Houses have a lot to learn from each other a" ..... ওয়ার্ল্ড ব্যাংকের টীম পূর্নগঠিত বেনাপোল

বিশ্ব ব্যাংকের পুরস্কার



পরিদর্শন শেষে ই-মেইলে এভাবেই প্রতিক্রিয়া ব্যক্ত করে। বর্তমানে বেনাপোল বন্দর দিয়ে ৩০ হাজার কোটি টাকার বাণিজ্য হয় এবং এ সময় প্রথমবারের মতো রপ্তানির পরিমাণ বেড়ে দ্বিগুণ হয়। উল্লেখযোগ্য সংস্কারের মধ্যে আরও ছিল:

- বেনাপোল উন্নয়নে বাইপাস সড়ক চালু ও এ সড়ক দিয়ে ৬৫ শতাংশ পণ্য খালাস;
- দ্রুত ও সঠিক পরীক্ষণে কর্মকর্তাদের নিয়মিত প্রশিক্ষণ প্রদান;
- শুল্কায়ন, মূল্যায়ন ও অডিটের ওপর নিয়মিত ইনহাউস প্রশিক্ষণ;
- ভারতে বেশি গাড়ি দেওয়া-নেওয়ার লক্ষ্যে লিংক রোড ১ ও ২ চালুকরণ;
- অনলাইন নিলাম ব্যবস্থা চালুকরণ;
- স্বচ্ছতা ও জবাবদিহিতায় ই-টেন্ডার পদ্ধতি চালুকরণ
- কেমিক্যাল টেস্টের জন্যে রমন স্পেক্ট্রোমিটার স্থাপন
- দ্রুত শুল্কায়নের জন্যে শুল্কায়ন গ্রুপ ভেঙ্গে ৬টি থেকে ৯টি তে উন্নতীকরণ;
- গেটকন্ট্রোল ডিভিশন, আনস্টাফিং শাখা গঠনসহ চোরাচালান ও শুল্ক ফাঁকি উদঘাটনে সোর্স নিয়োগ করা হয়;
- সুপেয় পানির বন্দোবস্ত, খেলার মাঠ প্রস্তুত ও কাস্টমস ক্লাব ব্যাপক সংস্কার;
- কাস্টমস শিক্ষণ ফোরাম গঠন করে স্থানীয় স্কুল শিক্ষার্থীদের রাজস্ব শিক্ষায় শিক্ষিত করার উদ্যোগ নেয়া হয়।

Reformed Benapole Customs Points: Commissioners Room

Before **Now**

২০১৭-১৮ সালে কাস্টম হাউসের অন্যতম চ্যালেঞ্জ ছিল দ্রুততম সময়ে প্রযোজ্য শুল্ক কর আদায় করে পণ্য চালান খালাস করা। এ সময় সৌজন্য সাক্ষাতে এসে একজন নামজাদা সিএন্ডএফ প্রতিষ্ঠানের কর্ণধার বললেন, কালিতলা থেকে বেনাপোলে একটি পণ্য চালান পার হতে ৩৩ থেকে ৪০ দিন সময় লাগে। একজন যাত্রীর পার হতে সময় লাগে ৪ থেকে ৬ ঘন্টা। একটি বৈরী উত্তরকালীন প্রায় অসম্ভবতায় শুরু আমার কর্মকাল। বেনাপোল বলেই হয়তো এতোটা দূরূহ। পুরনো দিনের পুরনো সিস্টেমে চলছিলো সবকিছু। শুধু তাই নয় যানজট ও বন্দরের অব্যবস্থাপনাও ছিলো এই সমস্যার প্রধান নিয়ামক।

ক্রমবর্ধমান যাত্রী সংখ্যার সাথে যাত্রী সেবার মান বাড়াতে চেকপোস্টকে ঢেলে সাজানোর উদ্যোগ নেয়া হয়। বর্হিগমন হলের কাস্টমস কার্যক্রম স্থলবন্দরের টার্মিনাল ভবনে স্থানান্তর করা হয়। সেবা নিবিড় ও যাত্রীবান্ধব করার জন্যে সকল পর্যায়ের কর্মকর্তার সংখ্যা বৃদ্ধি করা হয়। ব্যাগেজ অবৈধ পাচার রোধে নো-ম্যানস ল্যান্ড সংলগ্ন এলাকায় ডিভাইডার স্থাপন করা হয়। নিরাপত্তা জোরদারে স্ক্যানিং মেশিন মেটাল ডিটেক্টর ও সিসি ক্যামেরা স্থাপন করা হয়। ট্রাভেল ট্যাক্স সহজে গ্রহণের জন্যে সোনালী ব্যাংক বুথ বৃদ্ধি ও টার্মিনাল ভবনে স্থানান্তর করা হয়। তথ্যকণিকাসহ চেকপোস্টে সর্বত্র ডিজিটাল ঘোষণা প্রচার করা হয়। যাত্রী হয়রানি বন্ধে চেকপোস্টে বহিরাগতদের প্রবেশরোধ করা হয় ও যাত্রীদের জন্যে ট্রলির ব্যবস্থা

বেনাপোল চেকপোস্ট সংস্কার

পূর্বে	পরে

করা হয়। বিশেষ করে পাসপোর্ট যাত্রী হয়রানি বন্ধে বেনাপোল কাস্টমস চেকপোস্ট ও ইমিগ্রেশনকে বিমান বন্দরের আদলে প্রস্তুত করা হয়। ফলে পাসপোর্ট যাত্রীদের দুর্ভোগ ও হয়রানি কমে যায়।

আমদানি-রপ্তানি বাণিজ্যে গতিশীলতা, রাজস্ব আয় বৃদ্ধি ও বন্দর থেকে জরুরী ও নির্দোষ পণ্য দ্রুত খালাসের জন্যে প্রথমেই কাস্টম হাউসে (আমরা) ফোল্ডার পদ্ধতি

চালু করি। ফলে বেনাপোলের ব্যবসায়ীদের দীর্ঘদিনের দাবি পূরণের মাধ্যমে দ্রুত ও সহজে শুল্কায়ন প্রক্রিয়া সম্পন্ন করে বন্দর থেকে দ্রুত পণ্য খালাসের যুগান্তকারী পদ্ধতি চালু হয়। সুফল হিসেবে একটি ফাইল ২/৩ দিনের পরিবর্তে ২/৩ ঘন্টায় সম্পন্ন করে দিনের পণ্য দিনেই খালাস হতে থাকলো। বাণিজ্যবান্ধব কাস্টমস ও দ্রুত খালাসের জন্য 'ডি মার্ক' পদ্ধতি চালু করি। নির্দোষ, পরীক্ষিত ও গ্রীন আমদানিকারক, সরকারের বিভিন্ন প্রকল্প, শিল্প খাতের সুনামধারী আমদানিকারকদের হয়রানি কমাতে এই পদ্ধতি চালু করা হয়। এই পদ্ধতির আওতায় প্রতিদিন সকালে বন্দর থেকে পণ্য চালানের একটি সংক্ষিপ্ত তালিকা হাউসে প্রেরণ করা হতো। পরে কমিশনার তালিকা দেখে পণ্য চালানের পাশে ইংরেজিতে 'ডি' অথবা 'ই' চিহ্ন বসিয়ে দিতেন। 'ডি' মানে ডাইরেক্ট (সরাসরি) আর 'ই' মানে এক্সামিন (পরীক্ষা)। এই পদ্ধতি চালুর পর আমদানির দিনেই গড়ে ৪০ শতাংশ পণ্য খালাস হয়। দুই দিনে ৬০ শতাংশ আর তিন দিনে ৮০ থেকে ৯০ শতাংশ পণ্য চালান বন্দর ছেড়ে যায়। প্রচলিত পদ্ধতিতে যেখানে পণ্যভেদে ৩০ থেকে ৩৩ দিন সময় লাগতো সেখানে এই পদ্ধতি চালুর পর মাত্র ২/৩ দিন সময় লাগে। ফল ও পচনশীল পণ্য ৬ থেকে ১২ ঘন্টায় খালাস দেওয়া হয়। করোনাকালে আগত চালান ১০ মিনিটে শুল্কায়ন করে কয়েক ঘন্টায় খালাস দেওয়া হয়। ঝুঁকি ব্যবস্থাপনার মাধ্যমে বেনাপোল কাস্টম হাউস পণ্য চালান খালাসে এক বৈপ্লবিক পরিবর্তন ঘটায় এবং অন্য হাউসগুলোতে এক অনন্য দৃষ্টান্ত হয়ে উঠে।

আধুনিক বেনাপোলের অন্যতম আরেকটি সাফল্য হলো বেনাপাস সফটওয়্যার। এর মাধ্যমে ভারতীয় আমদানি পণ্যবাহী গাড়ীর তথ্য ডিজিটাল ব্যবস্থাপনায় ধারণ করা হয়। প্রতিটি গাড়ী এন্ট্রিতে খরচের পাশাপাশি সময় এক অস্টমাংশে হ্রাস পায়। বেনাপোল কাস্টম হাউসের এ উদ্ভাবন ভারত ও বাংলাদেশে ব্যাপক প্রশংসিত হয়। রাজস্ব ফাঁকি রোধ ও আমদানি-রপ্তানি বাণিজ্যে গতিশীলতায় কার্যকর ভূমিকা পালন করে এই সফটওয়্যার। পরবর্তীতে দেশের সব কাস্টমস স্টেশন ও হাউসলোতে 'বেনাপাসের' মতো সফটওয়্যার ছড়িয়ে দেয়ার উদ্যোগ নেয়া হয়। রাজস্ব ফাঁকি রোধ ও আমদানি-রপ্তানি বাণিজ্যে গতিশীলতা আনতে কার্যকর ভূমিকা পালন করে বেনাপাস সফটওয়্যার। ২০১৮ এর অক্টোবরর মাসে দিল্লিতে অনুষ্ঠিত জয়েন্ট গ্রুপ অব কাস্টমসের মিটিংয়েও সফটওয়্যারটির কার্যক্রম ব্যাপকভাবে প্রশংসিত হয়েছিল।

কাস্টম হাউস গঠনের পর হতে দীর্ঘ সময় পেরিয়ে গেলেও বেনাপোল আধুনিকতার ছোঁয়া পায়নি। ২০১৭ হতে ২০১৯ সাল বেনাপোলের কাজ, সাফল্য ও গৌরবের বছর। আউট অব দি বক্স কাজ করে প্রায় দেড়শোর অধিক সংস্কার, পরিবর্তন করা হয়। এ সময়েই রচিত হয় বেনাপোলের পরিবর্তনের অধ্যায়। সময়ের প্রবাহে বেনাপোল আধুনিক সুবিধায় পরিপূর্ণ এক কাস্টম হাউস হয়ে ওঠে। বেনাপোলের

Reformed Benapole Customs Points: Main Building

Before **Now**

সকল শ্রেণির কর্মকর্তা ও কর্মচারীদের হাতে কলমে প্রশিক্ষিত দীক্ষা নিয়ে এবং সকল ব্যক্তিক-নৈর্ব্যক্তিক বাধা-বিপত্তি অতিক্রম করে সবাই সকল কার্যক্রম সফলভাবে সম্পন্ন করেছে।

অবকাঠামোগত উন্নয়নে জমি অধিগ্রহণসহ ২০৫০ সালের উপযোগী করে সমগ্র বেনাপোল কাস্টম হাউসের নকশা প্রণয়ন করে পিডব্লিউডিতে প্রেরণ করা হয়। প্রধান প্রকৌশলীর দপ্তর থেকে মন্ত্রণালয়ের মাধ্যমে প্রস্তাব পাঠানোর জন্য

কমিশনারকে অনুরোধ করা হয়। সমস্যা নয় সম্ভাবনার আলোকে আধুনিক বেনাপোল গড়তে, রাজস্ব বৃদ্ধিতে, আমদানি-রপ্তানির গতি ফেরাতে বেনাপোল বন্দর ও কাস্টমসকে উন্নত করতে একাধিক পরিকল্পনা নেয়া হয়।

'বেনাপোল এক্সপ্রেস' ট্রেন আধুনিক বেনাপোলে এক নতুন দিগন্ত উন্মোচন করে। বেনাপোল-ঢাকা রুটে সরাসরি ট্রেন চালু বেনাপোলবাসীর দীর্ঘদিনের প্রাণের দাবী ছিল। মূলত: বেনাপোলের জন্য একটি বুলেট ট্রেন পাবার প্রত্যাশা নিয়ে জুলাই ২০১৮ থেকে বেনাপোলের কমিশনার প্রচেষ্টা শুরু করেন। এ বিষয়ে বেনাপোল সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশনের নেতৃবৃন্দের সাথে কয়েক দফা সভা করে দিক নির্দেশনা প্রদান করা হয়। বেনাপোল-ঢাকা রুটে বুলেট ট্রেন চালুর বিষয়ে উদ্যোগ গ্রহণের জন্য সিএন্ডএফ নেতৃবৃন্দকে উদ্বুদ্ধ করা হয়। বুলেট ট্রেন আপাতত সম্ভব না হলে এ রুটে বিকল্প বিরতিহীন ট্রেন চালুর পরিকল্পনা গ্রহণের প্রস্তাবও করা হয়। পরবর্তীকালে বেনাপোল সিএন্ডএফ এজেন্টেস এসোসিয়েশন মাননীয় প্রধানমন্ত্রীর অর্থ উপদেষ্টা ড. মশিউর রহমানের নিকট অনুরোধ পত্র প্রেরণ করেন। জবাবে বিষয়টি যাচাই বাছাই করে দেখা হচ্ছে মর্মে জানানো হয়। পরবর্তীতে ১০ এপ্রিল ২০১৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী বেনাপোল-ঢাকা রুটে সরাসরি এক্সপ্রেস ট্রেন চালুর ঘোষণা করেন। এ ট্রেন চালুর ফলে এ অঞ্চলের যাত্রী, রোগী, শিশু ও বৃদ্ধদের ভ্রমণে বিদ্যমান দুর্দশা লাঘব হয়।

বেনাপোল সড়কে যানজট প্রধানতম সমস্যা ছিল। কলকাতা থেকে বেনাপোলের দূরত্ব মাত্র ৮৪ কিলোমিটার। সড়ক পথে যোগাযোগ ব্যবস্থা ভাল হওয়ায় দেশের আমদানিকৃত পণ্যের সিংহভাগ আসে বেনাপোল বন্দর দিয়ে। স্বল্প সময়ে এবং কম খরচে আমদানিকৃত পণ্য দেশে আনতে পারায় এ বন্দরটি ব্যবসায়ীদের পছন্দের বন্দরে পরিণত হয়। বন্দরে স্থান সংকটের কারণে পণ্যজটে আক্রান্ত হতে থাকে বেনাপোল বন্দর। বিপাকে পড়েন বন্দর কর্তৃপক্ষ। আর পণ্যজটের সাথে সাথে বন্দর এলাকায় বাড়তে থাকে যানজটও। বেনাপোল বন্দরের দেড় কিলোমিটার এবং ভারতের পেট্রাপোল বন্দর থেকে চাকদা রোডের ২৩ কিলোমিটার পর্যন্ত আমদানিকৃত পণ্যবাহী ট্রাকের জট শুরু হয়। যা আধুনিক বেনাপোলের স্বপ্ন বাস্তবায়নে বাধা হয়ে দাঁড়ায়। দু দেশের জয়েন্ট গ্রুপ অব কাস্টমস এর মিটিংয়ে বেনাপোল চেকপোস্টকে যানজট মুক্ত করার আহবান জানানো হয়। বিজিবি, পুলিশ, আনসার, সিএন্ডএফ এজেন্টস ও ট্রাক শ্রমিকদের সহযোগিতায় চেকপোস্টকে যানজট মুক্ত করার উদ্যোগ নেয়া হয়। চেকপোস্ট এলাকা থেকে প্রাইভেট কার, ইজিবাইক ও অবৈধ যানবাহনের স্ট্যান্ড উচ্ছেদ করা হয়। বাইপাস সড়ক দিয়ে ইজিবাইক ও ভ্যান চলাচলের ব্যবস্থা করা হয়। অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হয়। বন্দরের সামনের সড়ক থেকে ট্রাক চেসিস সরিয়ে বন্দরের অভ্যন্তরে নেয়া

হয়। নিত্য ভোগান্তি হতো ১০ হাজার যাত্রীর, পাঁচশ ট্রাক চালক ও শতাধিক বাস চালকের, বাসযাত্রীর, আমদানি-রপ্তানি সম্পৃক্তের, প্রাইভেট কার যাত্রীর, ইজিবাইক, ভ্যান চালকের। বিশৃঙ্খলায় কয়েক গ্রামের সাধারণ মানুষ জিম্মি। স্কুল-কলেজের কোমলমতি ছাত্র-ছাত্রীদের সারাক্ষণ দূর্ঘটনার ভয়। অনিয়ম যেখানে নিয়ম। বছরময় লেগে থাকা যানজট। কাজটা সহজ ছিলনা। অবশেষে দীর্ঘ এক যুগ পর বেনাপোল কাস্টমস কমিশনারের নিবিড় উদ্যোগে বন্দর ব্যবহারকারী বিভিন্ন সংগঠনের যৌথ সহযোগিতায় দেশের বৃহত্তম স্থলবন্দর বেনাপোল ও শেরশাহ'র জিটি রোডকে যানজট মুক্ত করা হয়।

কর্মকর্তাদের দক্ষতার সাথে নিজ নিজ পর্যায়ে থেকে আন্তরিকতা ও অনুপাত জ্ঞানের উপর রাজস্ব আদায় ও প্রশাসনিক সাফল্য বহুলাংশে নির্ভরশীল। তাদের দক্ষতা অর্জনে দাপ্তরিক শৃঙ্খলা প্রতিষ্ঠা, কর্মকর্তাদের কর্মস্বীকৃতি, দ্রুত কার্য নিস্পত্তি, তথ্য-প্রযুক্তির ব্যবহার, নিয়মিত রাজস্ব পরিসংখ্যান পর্যালোচনা, মামলা নিস্পত্তি, নিরঙ্কুশ বকেয়া আদায়, নিবারণী তৎপরতা ও নিবিড় মনিটরিংয়ের উপর নির্ভরশীল। পণ্য চালান খালাসে স্বচ্ছতা ও জবাবদিহিতা বাড়ানো হয়। শুল্ক ফাঁকি বন্ধে কড়াকড়ি আরোপ করায় কিছু ব্যবসায়ী এ বন্দর দিয়ে আমদানি কমিয়ে দেয়। শুল্ক ফাঁকির সঙ্গে জড়িতদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হয়। সে সময়ে বেনাপোল ছিলো দুষ্টু আমদানিকারকগণের যমালয়।

Reformed Benapole Customs Points: OFFICERS CLUB

Now **Before**

ভাইবার প্লাটফর্মকে প্রশিক্ষণ ও প্রণোদনার মুখ্য মাধ্যম হিসেবে ব্যবহার করা হয়। Benapole Vibes নামের দু'শতাধিক সদস্যের ভাইবার গ্রুপে আইন, প্রয়োগ ও কাজ শেখার অবিকল্প মাধ্যম ছিল। গ্রুপটি আমি বেনাপোলে যোগ দিয়ে খুলেছিলাম।

প্রথম দিকে অনাগ্রহ ও সপ্তাহে কয়েকটা পোস্ট হতো। কারো প্রতিক্রিয়া ছিল না। আমি এতে স্পন্দন আনলাম। এ প্লাটফর্মকে নিবিড় যোগাযোগ এবং জবাবদিহিতার অন্যতম প্লাটফর্ম বানালাম। তিন মাস পর দিনে শতাধিক পোস্টও দেখেছি। গ্রুপে দৈনন্দিন উদ্ভুত বিভিন্ন সমস্যা, উন্মুক্ত আলোচনা, তথ্য-উপাত্ত বিশ্লেষণ, আইনের ব্যাখ্যা ও প্রায়োগিক দিকনির্দেশনা দেয়া হতো। এটি একই সাথে শিখন, তত্ত্বাবধান, প্রতিযোগিতা ও যুগপৎ জ্ঞান চর্চার মাধ্যম হয়। Viber Group ছিল আমাদের পাঠশালা। Viber Group-এর একটি নোটিশে আধ ঘন্টার মধ্যে দেড়শো কর্মকর্তা ক্লাবে উপস্থিত হতো।

রাজস্ব আহরণ ও বাণিজ্য সহজিকরণে সে সময়ে বেনাপোলে এ রকম মহারণের শুভ সূচনা হয়। কয়েকটি শ্লোগান অনুপ্রেরণাদায়ী হিসেবে ভীষণ ফলপ্রসূ হয়। 'Connectivity is productivity' অটোমেশনের এই যুগে সর্বোচ্চ Connectivity এর সর্বাধিক সাফল্য বেনাপোল কাস্টমস অর্জন করেছিল। Benapole Vibes ভাইবার গ্রুপ কাস্টম হাউসের সকল স্তরের কর্মচারীদের একটি নির্দিষ্ট প্ল্যাটফর্মে সম্পৃক্ত করেছিল। এর মাধ্যমে কমিশনার মোবাইলে গ্রুপ, পরীক্ষণ হল, চেক পোস্ট, গেট ও লিংকরোডের পদস্থ কর্মকর্তাদের পারফরম্যান্স প্রতি মুহূর্তে দৃষ্টি রাখতেন। অংশীজন করদাতাদের সাথে Connectivity রক্ষায় সর্বোচ্চ গুরুত্বারোপ করা হয়। 'Nothing goes unpaid in Benapole' আরেকটি কর্মোদ্যম জাগানিয়া শ্লোগান। কর্মকর্তাদের স্বীকৃতি ও সম্মাননা প্রদানের জন্য অনুষ্ঠানের আয়োজন করা। কর্মকর্তা, করদাতাগণ সবাইকেই বিশেষ ভূমিকা ও অবদানের জন্য স্বীকৃতি দেয়া হয়। সেরা পারফর্মারদের প্রতিনিয়ত স্বীকৃতি প্রদান করায় অর্পিত কর্তব্য কর্মবিলাসে রূপ নেয়।

বিশ্ব স্বাস্থ্য সংস্থা কোভিড-১৯ কে মহামারী ঘোষণার আগেই দেশে করোনা সচেতনতায় যশোর সিভিল সার্জন অফিসকে নিয়ে ২৯ জানুয়ারি ২০২০ তারিখে

বেনাপোলে সবচেয়ে বড় সেমিনার অনুষ্ঠান করে বেনাপোল কাস্টম হাউস। এসময়ে কাস্টমস, পুলিশ, বিজিবি, ফায়ার সার্ভিস, বন্দর কর্তৃপক্ষ, সিএন্ডএফ মালিক ও কর্মচারীসহ বিভিন্ন সংস্থার প্রায় ২০০'র অধিক সদস্য নিয়ে করোনা সেমিনার আয়োজন করা হয়।

পরিবারের রোজগেরে ছেলেটির মতো রোজগেরে বিভাগ হিসেবে আমরা কাস্টমস চাকুরেরা আত্মবিশ্বাসী নই। আমরা গুরুত্বপূর্ণ কাজ করি। আমরা অপরিহার্য। আমরা দেশের প্রয়োজনে কর্মচঞ্চল। কিন্তু আমরা সেভাবে দৃশ্যমান নই। দেশের মানুষের কাছেও না, "সরকারের অন্যান্য সংস্থার কাছেও না।" দুর্বল চৈতন্য সবল করার জন্য নিজের কাজের গুরুত্ব আগে বোঝা দরকার। এ জন্যে প্রয়োজন প্রশিক্ষণ ও মোটিভেশন। প্রশিক্ষণে, দক্ষতা। মোটিভেশনে, আত্মবিশ্বাসী কর্মপ্রবণতা। দুয়ে মিলে সাফল্যের ক্ষুধা। এভাবে অনেক কর্মীর কাজ একত্র হয়ে দেখা দেয় বিভাগের দলগত সাফল্য। মহামারীতেও দলগত সাফল্যে আমরা ছিলাম অতুল্য, অনুকরণীয়। বাংলাদেশ কাস্টমসের অহর্ণিশ কর্মযোগ করোনাকালেও দেশের অর্থনীতির ভারসাম্য ও আমদানি পণ্যের সাপ্লাই চেইন রক্ষা করে চলছে। এবারো প্রায় তিন লক্ষাধিক কোটি টাকা আদায়ে লড়ে যাচ্ছে এনবিআর ও কাস্টমসের লড়াকুড়া।

গল্প নয়, সত্যি। দেড়শ সংস্কার সাধন চ্যালেঞ্জিং ছিল। সীমান্তে চোরাচালান প্রবণতা, কায়েমী স্বার্থ, বিভিন্ন সংস্থার সমন্বয়হীনতা, ছিদ্রান্বেষী মনোবৃত্তি, পরিবর্তনে অনভ্যস্ততা, স্থানীয়দের সংস্কারে অনীহা, সরকারী বাজেট অপ্রতুলতা ও পরিবেশে বৈরিতা ছিল। অংশীজনদের স্বতস্ফূর্ত অংশগ্রহণে বেনাপোল প্রতি অর্থবছরে সাড়ে পাঁচ হাজার কোটি টাকার বেশি রাজস্ব আহরণ করছে। যা জাতীয় উন্নয়নে বিরাট অবদান রাখছে। আজকের বেনাপোলের প্রতি বছরের রাজস্ব আহরণের পরিমাণ প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনার লক্ষ্যমাত্রাকেও ছাড়িয়ে গেছে। অর্জিত সকল সাফল্য আমাদের টীমের। একা হলে হারি, এক হলে পারি!

গভীর দেশাত্মবোধ, নিষ্ঠা ও পরিকল্পনা অনুযায়ী কাজ করলে অর্জন আসবেই। এ বিশ্বাসে উদ্বুদ্ধ হয়ে রাষ্ট্রের জন্য রাজস্ব সংগ্রহের লক্ষ্য নিয়ে সহজ, দ্রুত ও সুষম বাণিজ্য নিশ্চিত করতে সকল অংশীজনকে নিয়ে কাজ করতে হবে।

উদ্যমী অগ্রযাত্রার পথচলা হোক অশেষ,
আলোকিত কাস্টমস আলোকিত দেশ।

লেখক: মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।

Revenue Collection: How it relates with Stress and Anxiety?

Dr. Nahida Faridy

Revenue from taxes and customs provides governments with the funds needed to invest in development projects, relieve poverty and deliver public services; and the physical and social infrastructure required to enhance long-term growth. Strengthening domestic resource mobilisation is not just a question of raising revenue; it is also about designing a revenue system that prompts inclusiveness, encourages good governances, improves accountability of governments to their citizens and cultivates social justice. Developing countries always face a number of challenges in increasing their revenue collection from customs duties and from domestic sources. Though many of these countries have

made noticeable progress in revenue collection in the recent pasts, Bangladesh mobilizes less than 13% of their GDP in tax revenues, which is an important barrier to achieve the Sustainable Development Goal. But revenue collection is not an easy task for revenue administration. Benjamin Franklin has a memorable quote about tax collection, “nothing is indispensable on earth, except death and tax.” As dispensable, people always want to avoid it in any way. This paper will analyse the psychological factors tax collection: from taxpayers and tax officials’ corner.

One of the major aspects of taxation are the psychological effects of tax collection. About this matter, three of Adam Smith’s (1776) four maxims of taxation are concerned wholly or partly with compliance and include ‘psychological’ effects of compliance. For example, Smith's 2nd maxim argues that the tax which each taxpayer is bound to pay ought to be certain and not arbitrary. The time and the manner of tax payment, the amount to be paid, ought to be clear and plain to the taxpayer, and to every other person. Any uncertainty of the tax payments can create feelings of helplessness in the taxpayers, which could be argued to be ‘psychological costs of taxation’. Smith’s 3rd maxim states that the feelings of ‘inconvenience’ associated with tax compliance may generate some kind of resistance and resentment among the taxpayers. These could be stated as the negative emotional feelings of ‘psychological’ costs. Smith's 4th maxim contains a clear statement of certain other 'psychological' elements of compliance costs, “By subjecting the people to frequent visits; and the odious examination of the tax gatherers, it may expose them to such unnecessary trouble, vexation and oppression, and though vexation is not; strictly speaking, expense, it is certainly equivalent to the expense of which every man would be willing to redeem himself from it”. (1952 (ed), p.362)

Smith also refers to the 'insolence' and 'oppression' of the tax gatherer as more burdensome than the tax itself. Overall, it can be appreciated that the 'psychological' cost of compliance is a multi-faceted notion reflecting many different characteristics. The

feelings of uncertainty, powerlessness, inconvenience, trouble, vexation and oppression are ones that taxpayers certainly might well wish to be without. Such feelings can be classified into two sub-sets of 'psychological' cost being anxiety and resentment. The first factor of 'anxiety' relates to stress, fear and uncertainty. The second factor of 'resentment' concerns invasion of privacy, inconvenience, trouble, vexation and oppression.

Both of these factors are negative emotional responses to the particular fiscal environment that the taxpayer inhabits, although measuring them is problematic. The Meade Committee’s (1978) report states that the worry and anxiety related to their tax affairs and borne by the taxpayers are almost impossible to value. It is this valuation issue that is largely the reason behind the paucity of research in this area. Even though the cost may be very real for those affected.

Stress is not an easy concept to define or to measure and most attempts to do so have originated from the field of health psychology and behavioural medicine. Literature suggests that some practical and theoretical limitations of measurement of specific stressors exist. For example, there is evidence that people often misattribute their feelings of stress to a particular source when the stress is actually due to another source (Gochman, 1979; Keating, 1979; Worchel & Teddlie, 1976).

The current World Health Organisation (WHO) defines ‘occupational or work-related stress’ as the response people may have when presented with work demands and pressures that are not matched to their knowledge and abilities and which challenge their ability to cope. Dealing with new legislation and the daily efforts to cope with new rules is also considered a type of workplace stress (Woellner et al., 2001). Life events and difficulties both contribute to an individual’s stress (Brown & Harris, 1989). Cox (1978) argues that an individual’s ability to deal with the mismatch between perceived demands and resources is an important factor when assessing stress levels. It is recognised

by researchers that positive events help neutralise the distress caused by negative events, and that life's daily hassles are better predictors of stress than major life events (Woellner et al., 2007). Kanner et al. (1980) described concerns about owing money, financial responsibility, fear of rejection, and unexpected company as the daily hassles of life. Epstein (1976) and Kanner et al. (1981) noted that pleasant experiences and 'daily uplifts' can help to reduce and prevents anxiety and stress. Cousins (1976) mentions that positively toned experiences (such as uplifts) might serve as emotional buffers against stress disorders.

